



বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

জেলা প্রশাসক এর কার্যালয় (ঢাকা, চট্টগ্রাম ও নারায়ণগঞ্জ) কর্তৃক ভূমি
অধিগ্রহণকৃত অর্থ ছাড়ের টাকা প্রকৃত ক্ষতিগ্রস্তদের মধ্যে যথাযথভাবে পরিশোধ
সম্পর্কিত ২০১৯-২০২০ অর্থ বছরের কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

রিপোর্ট নম্বর: ৮১/২০২১



বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

জেলা প্রশাসক এর কার্যালয় (ঢাকা, চট্টগ্রাম ও নারায়ণগঞ্জ) কর্তৃক ভূমি
অধিগ্রহণকৃত অর্থ ছাড়ের টাকা প্রকৃত ক্ষতিগ্রস্তদের মধ্যে যথাযথভাবে পরিশোধ
সম্পর্কিত ২০১৯-২০২০ অর্থ বছরের কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

রিপোর্ট নম্বর: ৮১/২০২১

সূচিপত্র

ক্রমিক নম্বর	বিবরণ	পৃষ্ঠা নম্বর
প্রথম অংশ		
১	মুখবন্ধ	vii
অধ্যায়-১		
২	অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলী	০৩-০৭
৩	নির্বাহী সারসংক্ষেপ	০৯
৪	শব্দ সংক্ষেপ	১১
অধ্যায়-২		
৫	অডিট অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ	১৫
৬	অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ	১৭-২৩
দ্বিতীয় অংশ		
৭	পরিশিষ্টসমূহ	২৭-৪৫

ପ୍ରଥମ ଅଂଶ

- ১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ- ১২৮(১) অনুযায়ী বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল প্রজাতন্ত্রের সরকারি হিসাব এবং সকল আদালত, সরকারি কর্তৃপক্ষ ও কর্মচারীর হিসাব অডিট করার জন্য ক্ষমতাপ্রাপ্ত।
- ২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন জেলা প্রশাসক এর কার্যালয় (ঢাকা, চট্টগ্রাম ও নারায়ণগঞ্জ) কর্তৃক ভূমি অধিগ্রহণকৃত অর্থ ছাড়ের টাকা প্রকৃত ক্ষতিগ্রস্তদের মধ্যে যথাযথভাবে পরিশোধ সম্পর্কিত ২০১৯-২০২০ অর্থ বছরের আর্থিক কার্যক্রমের উপর সাংবিধানিক প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর কর্তৃক নমুনামূলক যাচাইয়ের মাধ্যমে কমপ্লায়েন্স অডিট সম্পাদনপূর্বক এই রিপোর্ট প্রণয়ন করা হয়েছে। সরকারি সম্পদ ও অর্থ ব্যবহারের ক্ষেত্রে চিহ্নিত গুরুতর আর্থিক অনিয়মসমূহের সাথে জড়িতদের জবাবদিহিতার আওতায় আনয়ন করা এই রিপোর্টের মূল উদ্দেশ্য।
- ৩। এই অডিট রিপোর্টে অন্তর্ভুক্ত ০৫ টি অনুচ্ছেদে বর্ণিত অনিয়মসমূহ নিরীক্ষিত অফিস প্রধানসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় এর প্রধান হিসাবদানকারী কর্মকর্তা বরাবর ইস্যু করা হয়েছে এবং তাঁদের জবাব বিবেচনাপূর্বক এই রিপোর্ট চূড়ান্ত করা হয়েছে।
- ৪। এই অডিট সম্পাদন ও এই রিপোর্ট প্রণয়নে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কর্তৃক জারীকৃত Government Auditing Standards of Bangladesh অনুসরণ করা হয়েছে।
- ৫। জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ অনুযায়ী এই অডিট রিপোর্ট মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

তারিখ: ০২/০৭/১৪২৯ বঙ্গাব্দ
১৭/০৭/২০২২ খ্রিষ্টাব্দ।


(মোহাম্মদ মুসলিম চৌধুরী)
বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল

ଅଧ୍ୟାୟ-୧

অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলী

রিপোর্ট সম্পর্কিত তথ্য: জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন জেলা প্রশাসক এর কার্যালয় (ঢাকা, চট্টগ্রাম ও নারায়ণগঞ্জ) কর্তৃক ভূমি অধিগ্রহণকৃত অর্থ ছাড়ের টাকা প্রকৃত ক্ষতিগ্রস্তদের মধ্যে যথাযথভাবে পরিশোধ করা হয়েছে কি না” শীর্ষক অডিট রিপোর্ট প্রস্তুত করা হয়েছে। Audit Materiality বিবেচনা করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পূর্ববর্তী অর্থ বছরসমূহের লেনদেনও দেখা হয়েছে (প্রয়োজ্য ক্ষেত্রে)। উক্ত প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রয়োজ্য আইন-বিধি, প্রতিষ্ঠানের Key Performance Indicator (KPI) ইত্যাদি অডিট Criteria হিসাবে বিবেচনা করে উচ্চ ঝুঁকি ক্ষেত্র চিহ্নিত করে নমুনায়নের মাধ্যমে মাঠ পর্যায়ের নিরীক্ষা সমাপনান্তে রিপোর্টটি প্রস্তুত করা হয়েছে।

অডিট প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য:

• প্রতিষ্ঠান পরিচিতি:

জেলা প্রশাসক বাংলাদেশের জেলার প্রধান প্রশাসনিক ও রাজস্ব কর্মকর্তা। তিনি একাধারে জেলা প্রশাসক, জেলা ম্যাজিস্ট্রেট (District Magistrate), জেলা কালেক্টর (District Collector) ও ডেপুটি কমিশনার (Deputy Commissioner)। ফলে তিনি একইসাথে আইন শৃঙ্খলা, ভূমি প্রশাসন, দুর্যোগ ব্যবস্থাপনা, সমন্বয় এবং সাধারণ ও স্থানীয় নির্বাচনের ক্ষেত্রে সরকারের প্রতিনিধি হিসেবে কাজ করেন। জেলা প্রশাসক জেলাতে মন্ত্রিপরিষদ বিভাগের প্রতিনিধি।


অডিট পরিকল্পনায় সাংবিধানিক প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর কর্তৃক নির্দেশিত অডিট সম্পাদনের কর্মসূচী গ্রহণ করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয় এর নিয়ন্ত্রণাধীন ৬৪টি জেলা প্রশাসকের কার্যালয় হতে ৩টি জেলা প্রশাসকের কার্যালয়কে (ঢাকা, চট্টগ্রাম ও নারায়ণগঞ্জ) অডিট প্লানে অন্তর্ভুক্ত করা হয়েছে। এই জেলাসমূহ নির্বাচনের ক্ষেত্রে Purposive অর্থাৎ Judgemental Sampling পদ্ধতি প্রয়োগ করা হয়।

অডিট প্রতিষ্ঠানের জনবল কাঠামো: জেলা প্রশাসকের কার্যালয় ঢাকা, চট্টগ্রাম ও নারায়ণগঞ্জ।

TO&E অনুযায়ী জেলা প্রশাসকের ভূমি অধিগ্রহণ শাখার জনবল এর অবস্থা:


জেলা প্রশাসক কার্যালয়ের নাম	জনবল						মন্তব্য
	কর্মকর্তা		কর্মচারী		মোট		
	১ম শ্রেণি	২য় শ্রেণি	৩য় শ্রেণি	৪র্থ শ্রেণি			
ঢাকা	অনুমোদিত	১৯	২৮	১৪৪	১৮৯	৩৮০	বাইরের অফিসে সংযুক্ত রয়েছেন ১০৬ জন এবং সাময়িক বরখাস্ত রয়েছেন ৩ জন।
	বিদ্যমান	৯	০৩	৮২	৯৮	১৯২	
	শূন্যপদ	১০	২৫	৬২	৯১	১৮৮	
চট্টগ্রাম	অনুমোদিত	১৪	১৮	১০৮	১৩৮	২৭৮	বাইরের অফিস থেকে ৬১ জন সংযুক্ত রয়েছেন।
	বিদ্যমান	০৯	০৩	৬৩	৫৩	১২৮	
	শূন্যপদ	৫	১৫	৪৫	৮৫	১৫০	
নারায়ণগঞ্জ	অনুমোদিত	০১	০১	০৫	১০	১৭	বাইরের অফিস থেকে ১১ জন সংযুক্ত রয়েছেন।

প্রতিষ্ঠানের অর্গানোগ্রাম:



প্রশাসনিক কার্যক্রম:

ভূমি অধিগ্রহণ সংক্রান্ত:



প্রতিষ্ঠানের কার্যাবলী:

সম্পত্তি অধিগ্রহণ এবং হকুম দখল সংক্রান্ত জেলা প্রশাসকের কার্যাবলী:

- ভূমি উন্নয়ন কর নির্ধারণ, আদায়, মওকুফ ও পুনঃনির্ধারণ;
- ভূমি রেকর্ড রক্ষণাবেক্ষণ এবং হালনাগাদকরণ;
- কৃষি ও অকৃষি খাস জমি এবং অন্যান্য সরকারি সম্পত্তির বন্দোবস্ত প্রদান;
- অধিগ্রহণকৃত কিন্তু অব্যবহৃত জমি পুনঃখাসকরণ;
- ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের সাধারণ ভূমি জরিপ কর্মসূচিকে সহায়তা প্রদান;
- ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের ডিজিটাল ভূমি জরিপ কর্মসূচিকে সহায়তা প্রদান;
- ইউনিয়ন ভূমি অফিস সৃজন;
- জনস্বার্থে ভূমি, ভবন, যানবাহন ইত্যাদি অধিগ্রহণ ও হকুম দখল সম্পর্কিত কার্যাদি;
- জেলা ভূমি বরাদ্দ কমিটির কার্যাদি;
- জেলা সাইট সিলেকশন কমিটির কার্যাদি;
- অধিগ্রহণকৃত সম্পত্তির ক্ষতিপূরণের অর্থ পরিশোধ সংক্রান্ত কার্যাদি;
- অধিগ্রহণকৃত অথচ অব্যবহৃত ভূমি পুনঃগ্রহণ সংক্রান্ত কার্যাদি; এবং
- জনস্বার্থে হকুম দখলকৃত সম্পত্তি অবমুক্তকরণ।

অডিট প্রতিষ্ঠানের জনবল কাঠামো: জেলা প্রশাসকের কার্যালয় ঢাকা, চট্টগ্রাম ও নারায়ণগঞ্জ।

অডিটের আইনগত ভিত্তি: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদে ১২৮(১) অনুযায়ী এই অডিট পরিচালনা করা হয়েছে।

অডিটের পরিধি (Audit Scope):

(১) ভূমি অধিগ্রহণের বিপরীতে ক্ষতিগ্রস্ত ভূমি মালিকদের যে অর্থ জেলা প্রশাসক ঢাকা, চট্টগ্রাম ও নারায়ণগঞ্জ কার্যালয়ে জমা হয়েছে এবং বিতরণকৃত অর্থের হিসাব এই নিরীক্ষার আওতাভুক্ত।

(২) এতদু প্রেক্ষিতে এই পরিধির আওতায় পড়ে

- ❖ জেলা প্রশাসক এর কার্যালয়ে এই বিষয়ে অর্পিত দায়িত্ব সংশ্লিষ্ট কার্যাদির অনুশীলন সংক্রান্ত তথ্যাদি;
- ❖ ভূমি অধিগ্রহণের কারণে যারা ক্ষতিগ্রস্ত, তাদের অভিমত, প্রতিক্রিয়া;
- ❖ কোন অভিযোগ (Grievance) থাকলে তা আমলে নিয়ে এই বিষয়ে তথ্য উপাত্ত;
- ❖ ক্ষতিগ্রস্ত এলাকা;
- ❖ প্রত্যাশী সংস্থা সংক্রান্ত তথ্য উপাত্ত।

অডিট পদ্ধতি (Audit Method):

- ❖ অডিট কোড, অডিট স্ট্যান্ডার্ড, জিএফআর (GFR), টিআর (TR), ভূমি অধিগ্রহণ বিষয়ক প্রযোজ্য বিধি, নির্দেশনা, আইন, পরিপত্র, বিভিন্ন অডিট ম্যানুয়াল, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান ও প্রচলিত অন্যান্য বিধি বিধানের আলোকে দৈব চয়ন (Random Sampling) এবং ক্ষেত্র বিশেষে Judgement বা Purposive Sampling এর মাধ্যমে নমুনা নিয়ে জেলা প্রশাসকের ভূমি অধিগ্রহণ শাখার কাজের সঠিকতা যাচাই;
- ❖ আর্থিক ও অ-আর্থিক ঝুঁকি বিশ্লেষণ (Risk Analysis) এর মাধ্যমে লেনদেনের সঠিকতা নিরূপণ;
- ❖ অনুশীলিত কার্য পদ্ধতির বিশ্লেষণ;
- ❖ ক্ষতিগ্রস্তদের প্রশ্নপত্র প্রদানের মাধ্যমে উত্তর/মতামত গ্রহণ;
- ❖ অন্যান্য প্রাসঙ্গিক বিবিধ ডকুমেন্ট (যেমন: আবেদনপত্র রেকর্ডিং, চেক বই, চেক মুড়ি, রোয়েদাদ বই, লেজারসহ বিভিন্ন ধরনের রেজিস্টার) পর্যবেক্ষণের মাধ্যমে Compliance Issue গুলো যাচাই করা;
- ❖ বাস্তব যাচাই।

অডিট প্লানিং ও অডিট পরিচালনা সংক্রান্ত তথ্য:

- ❖ **অডিটের বিষয়বস্তু:** জেলা প্রশাসক এর কার্যালয় (ঢাকা, চট্টগ্রাম ও নারায়ণগঞ্জ) কর্তৃক ভূমি অধিগ্রহণকৃত অর্থ ছাড়ের টাকা প্রকৃত ক্ষতিগ্রস্তদের মধ্যে যথাযথভাবে পরিশোধ সম্পর্কিত কমপ্লায়েন্স অডিট রিপোর্ট।
- ❖ **অডিটের কৌশল:** অডিটাদীন তহবিলে/খাতে ভূমি অধিগ্রহণকৃত অর্থ ছাড় এর স্থিতি সংশ্লিষ্ট হিসাব, প্রাসঙ্গিক রেইট সংরক্ষণ ও কার্যব্যবস্থাপনা পর্যবেক্ষণ, যাচাই ও প্রযোজ্য, প্রয়োগযোগ্য, অনুসরণীয়, পরিপালনীয় বিধি ও পদ্ধতি যথাযথভাবে পরিপালন করা হয়েছে কি-না এ বিষয়ে অডিট মন্তব্য (আপত্তি, মত, পর্যবেক্ষণ, সুপারিশ) প্রদান।
- ❖ **অডিটের সময়কাল:** ১৭-০৯-২০২০ খ্রি. হতে ৩০-০৯-২০২০ খ্রি.।

নির্বাহী সারসংক্ষেপ

সাংবিধানিক প্রতিষ্ঠান অডিট অধিদপ্তরের নিরীক্ষার আওতাধীন জনপ্রশাসন মন্ত্রণালয় এর জেলা প্রশাসকের কার্যালয় এর ২০১৯-২০২০ অর্থ বছরের অডিট করা হয়।

নিরীক্ষাকালে বেশ কিছু আর্থিক অনিয়ম ও বিধি-বিধানের লঙ্ঘন পরিলক্ষিত হয়েছে। মূলত: প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতা ও আর্থিক বিধি-বিধান পরিপালন না করার কারণে এই অডিট অনুচ্ছেদসমূহ উত্থাপিত হয়েছে। অনিষ্পন্ন অডিট অনুচ্ছেদগুলোর মধ্য হতে গুরুতর আর্থিক অনিয়ম (SFI) সংক্রান্ত অনুচ্ছেদসমূহ এই রিপোর্টে অন্তর্ভুক্ত করা হয়েছে।

এই রিপোর্টে ০৫ টি অডিট অনুচ্ছেদ উত্থাপন করা হয়েছে এবং এতে জড়িত টাকার পরিমাণ ৫৬৩৪,৭৭,০১,২৪৭ (পাঁচ হাজার ছয়শত চৌত্রিশ কোটি সাতাত্তর লক্ষ এক হাজার দুইশত সাতচল্লিশ) টাকা।

এই রিপোর্টে অন্তর্ভুক্ত উল্লেখযোগ্য অনিয়মসমূহ নিম্নরূপ:

- স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ এর ১১ ধারা লঙ্ঘন।
- স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ এর ৯ ধারা লঙ্ঘন।
- স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ লঙ্ঘন।
- আয়কর অধ্যাদেশ-১৯৮৪ এর ৫৭ ধারা এবং আয়কর অধ্যাদেশ-১৯৮৪ এর অধ্যায় VII লঙ্ঘন।
- জিএফআর এর ৬১ বিধান লঙ্ঘন।

নিরীক্ষিত প্রতিষ্ঠানসমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালীকরণ, সরকারি অর্থ আদায়ে ও ব্যয়ে প্রচলিত বিধি-বিধান পরিপালন, একই ধরনের অনিয়মের পুনরাবৃত্তি না ঘটা এবং পূর্ববর্তী অডিটের সুপারিশসমূহ বাস্তবায়ন না করার বিষয়ে কর্তৃপক্ষের মনোনিবেশ এর প্রয়োজনীয়তা এই অডিট রিপোর্টে প্রতিফলিত হয়েছে।

শব্দ সংক্ষেপ

Abbreviations	Full Form/Elaboration
AF	Audit Findings
A - Fee	Registration (A-article) Fee
EFT	Electronic Fund Transfer
GFR	General Financial Rules
LA	Land Acquisition
LT Notice	Land Transfer Notice
PMBMA	Public Money and Budget Management Act
TA&S	Traffic Accounts and Stores
TR	Treasury Rules

ଅଧ୍ୟାୟ-୨

অডিট অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ

অনুচ্ছেদ নং	শিরোনাম	জড়িত (টাকা)
০১	০২	০৩
০১	ভূমি অধিগ্রহণে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ বাবদ বিতরণযোগ্য অর্থ বিতরণ না করায় প্রকৃত মালিক ক্ষতিগ্রস্ত হয়েছে।	৪৭৯১,৬৭,২২,১৭১
০২	প্রত্যাশী সংস্থার সংশ্লিষ্ট প্রকল্প খাত হতে এল.এ খাতে ভূমি অধিগ্রহণের ক্ষতিপূরণ বাবদ অতিরিক্ত অর্থ জমা করায় সরকারের আর্থিক ক্ষতি।	৮৩,৪৬,৪৭৯
০৩	ভূমি অধিগ্রহণে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণের অর্থের সাথে আনুষঙ্গিক খরচ বাবদ অর্থ অনিয়মিত ভাবে এল.এ ফান্ডে জমা রাখা।	৮৩৪,৭৯,৮২,২৫০
০৪	উৎসে আয়করের টাকা নির্ধারিত সময়ে সরকারি কোষাগারে জমা না করায় কর্তনকৃত উৎসে আয়কর ও দণ্ডসুদসহ সরকারের রাজস্ব ক্ষতি।	৭,০৫,৯৯,৯৬৭
০৫	ভূমি অধিগ্রহণে ক্ষতিগ্রস্তদের অবকাঠামোগত ক্ষতিপূরণ থেকে নিলাম বাবদ কর্তনকৃত টাকা সরকারি কোষাগারে জমা না করায় সরকারের আর্থিক ক্ষতি।	৪০,৫০,৩৮০
	মোট=	৫৬৩৪,৭৭,০১,২৪৭

কথায়: পাঁচ হাজার ছয়শত চৌত্রিশ কোটি সাতাত্তর লক্ষ এক হাজার দুইশত সাতচল্লিশ টাকা।

অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ

অনুচ্ছেদ নং: ০১

শিরোনাম: ভূমি অধিগ্রহণে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ বাবদ বিতরণযোগ্য ৪৭৯১,৬৭,২২,১৭১ (চার হাজার সাতশত একানব্বই কোটি সাতষট্টি লক্ষ বাইশ হাজার একশত একাত্তর) টাকা বিতরণ না করায় প্রকৃত মালিক ক্ষতিগ্রস্ত হয়েছে।

বিবরণ: জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন জেলা প্রশাসক, ঢাকা ও চট্টগ্রাম কার্যালয়ের ২০০৭-২০০৮ হতে ২০১৯-২০২০ অর্থ বছরের জেলা প্রশাসকের কার্যালয় কর্তৃক ভূমি অধিগ্রহণকৃত অর্থ ছাড়ের টাকা প্রকৃত ক্ষতিগ্রস্তদের মধ্যে যথাযথভাবে পরিশোধ সংক্রান্ত নিরীক্ষায় ভূমি অধিগ্রহণে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ বাবদ বিতরণযোগ্য ৪৭৯১,৬৭,২২,১৭১ টাকা বিতরণ না করায় প্রকৃত মালিক ক্ষতিগ্রস্ত হয়েছে।

জেলা প্রশাসক, ঢাকা ও চট্টগ্রাম কার্যালয়ের এল.এ কেস সংক্রান্ত রোয়েদাদ বই, লেজার, ক্ষতিগ্রস্তদের আবেদনপত্র, চালান, এল.এ কেস সংক্রান্ত নথিপত্রাদি এবং ক্ষতিপূরণ সংক্রান্ত প্রাক্কলন পর্যালোচনায় দেখা যায় যে, সিভিল মামলা ছাড়াও ক্ষেত্রবিশেষে ০১ থেকে ১৫ বছরের অধিক সময় পর্যন্ত ক্ষতিপূরণের অর্থ বিতরণ করা হয়নি। বিস্তারিত পর্যালোচনায় দেখা যায় যে, ‘স্বাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন-২০১৭’ এর ১১ ধারা অনুসরণ না করে ভূমি অধিগ্রহণের ২০০৬-২০০৭ হতে ২০১৮-২০১৯ অর্থ বছর পর্যন্ত ৮৬ টি এল.এ কেসের ৭,১২৯ জন ক্ষতিগ্রস্তদের (মামলা ছাড়া) ক্ষতিপূরণ বাবদ বিতরণযোগ্য ৪৭৯১,৬৭,২২,১৭২ টাকা অডিট চলাকালীন সময় পর্যন্ত বিতরণ করা হয়নি। এতে করে ক্ষতিগ্রস্ত ব্যক্তিরা যথাসময়ে আইনানুগ ক্ষতিপূরণের অর্থ প্রাপ্তি হতে বঞ্চিত হয়েছে এবং আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে।

স্বাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন-২০১৭ এর উপধারা ১১(১) অনুযায়ী ধারা ৮ এর অধীন রোয়েদাদ প্রস্তুতের পর, দখল গ্রহণের পূর্বে, প্রত্যাশী ব্যক্তি বা সংস্থা কর্তৃক ধারা ৮ এর উপ-ধারা (৩) অনুসারে প্রস্তুতকৃত ক্ষতিপূরণ মঞ্জুরির প্রাক্কলিত অর্থ জমা প্রদানের অনধিক ৬০(ষাট) কার্যদিবসের মধ্যে জেলা প্রশাসক উক্ত ক্ষতিপূরণের অর্থ, উপ-ধারা (২) এর বিধান সাপেক্ষে, স্বার্থসংশ্লিষ্ট ব্যক্তিকে প্রদান এর নির্দেশনা রয়েছে। আলোচ্য ক্ষেত্রে আইনের বিধান যথাযথভাবে অনুসরণ করে ভূমি অধিগ্রহণে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ এর অর্থ বিতরণ করা হয়নি (বিস্তারিত বিবরণ পরিশিষ্ট:১ সংযুক্ত)।

অনিয়মের কারণ:

- স্বাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ এর উপধারা ১১(১) এর লঙ্ঘন।

নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব: ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণের অধিগ্রহণকৃত ভূমির মালিকানার প্রমাণপত্র/দলিলাদি ব্যতীত ক্ষতিপূরণ প্রদানের সুযোগ নেই। এ ছাড়া বিভিন্ন মামলা মোকদ্দমা এবং বিজ্ঞ আদালতের নিষেধাজ্ঞা ও মামলা বিচারাধীন থাকায় অনেকের ক্ষতিপূরণ প্রদান সম্ভব হয় না। ক্ষতিপূরণে অব্যয়িত টাকা সংশ্লিষ্ট কোডে জমা রয়েছে।

গত ০২-১২-২০২০ খ্রি. তারিখে এআইআর (AIR) টি সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর জারি করা হলেও কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষা মন্তব্য: জবাব স্বীকৃতিমূলক। আপত্তিতে যে ক্ষতিগ্রস্তের কথা বলা হয়েছে তাদের কোন সিভিল মামলা নাই। স্বাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ এর উপধারা ১১(১) অনুযায়ী অধিগ্রহণকৃত ভূমির মালিককে মালিকানার প্রমাণপত্র/দলিলাদি যাচাই-বাছাই পূর্বক ক্ষতিপূরণের অর্থ প্রত্যাশী সংস্থা হতে অর্থ প্রাপ্তির পর ৬০ কর্মদিবসের মধ্যে স্বার্থসংশ্লিষ্ট ব্যক্তিকে পরিশোধ করা আবশ্যিক। উপরন্তু অডিটর জবাবে ‘অব্যয়িত টাকা’ সংশ্লিষ্ট কোডে জমা রাখা নিয়ে যে মন্তব্য করা হয়েছে, তা আইনের পরিপন্থি, কেননা আইন অনুযায়ী প্রত্যাশী সংস্থা হতে অর্থ প্রাপ্তির ৬০ (ষাট) কর্মদিবসের মধ্যে স্বার্থসংশ্লিষ্ট ব্যক্তিকে ক্ষতিপূরণের অর্থ পরিশোধ করার বিধান রয়েছে।

নিরীক্ষার সুপারিশ: দায় দায়িত্ব নির্ধারণ করত: ভূমি অধিগ্রহণে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণের ৪৭৯১,৬৭,২২,১৭১ টাকা দ্রুত প্রকৃত মালিকগণকে প্রদানের ব্যবস্থা গ্রহণ করা আবশ্যিক।

অনুচ্ছেদ নং: ০২

শিরোনাম: প্রত্যাশী সংস্থার সংশ্লিষ্ট প্রকল্প খাত হতে এল.এ খাতে ভূমি অধিগ্রহণের ক্ষতিপূরণ বাবদ অতিরিক্ত ৮৩,৪৬,৪৭৯ (তিরিশ লক্ষ ছেচল্লিশ হাজার চারশত উনআশি) টাকা জমা করায় সরকারের আর্থিক ক্ষতি।

বিবরণ: জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন, জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ কার্যালয়ের ২০১৯-২০২০ অর্থ বছরের জেলা প্রশাসকের কার্যালয় কর্তৃক ভূমি অধিগ্রহণকৃত অর্থ ছাড়ের টাকা প্রকৃত ক্ষতিগ্রস্তদের মধ্যে যথাযথভাবে পরিশোধ সংক্রান্ত নিরীক্ষায় প্রত্যাশী সংস্থার সংশ্লিষ্ট প্রকল্প খাত হতে এল.এ (LA) খাতে ভূমি অধিগ্রহণের ক্ষতিপূরণ বাবদ অতিরিক্ত ৮৩,৪৬,৪৭৯ টাকা জমা করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে।

জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ এর ২০১৯-২০২০ অর্থ বছরে ভূমি অধিগ্রহণ সংক্রান্ত বিল-ভাউচার, চালান এবং ক্ষতিপূরণ সংক্রান্ত প্রাক্কলন পর্যালোচনায় দেখা যায় যে, এল এ কেইস নং ০১/২০১৭-২০১৮ এর ক্ষেত্রে ক্ষতিগ্রস্ত ব্যক্তির কাঙ্ক্ষিত বাজারদরের উপর অতিরিক্ত শতকরা ২০০ ভাগ ক্ষতিপূরণ প্রাক্কলন করা হয়েছে এবং উক্ত প্রাক্কলন অনুযায়ী ভূমি অধিগ্রহণ ক্ষতিপূরণ এর অর্থ এল.এ (LA) খাতে জমা করা হয়েছে। ‘স্বাবর সম্পত্তি অধিগ্রহণ ও হকুম দখল আইন-২০১৭’ এর ধারা ৯(৩) অনুযায়ী স্বাবর সম্পত্তির উপর দন্ডায়মান ফসল, অস্বাবর সম্পত্তি বা অন্য কোন যুক্তিসংগত খরচাদির উপর অতিরিক্ত শতকরা ১০০% ক্ষতিপূরণের বিধান রয়েছে। এক্ষেত্রে, স্বাবর সম্পত্তির মূল্যের সাথে সকল অবকাঠামোর মূল্য যোগ করে মোট মূল্যের উপর ২০০% অতিরিক্ত ক্ষতিপূরণ প্রাক্কলন করায় ৮৩,৪৬,৪৭৯ টাকা সরকারের আর্থিক ক্ষতি হয়েছে (বিস্তারিত বিবরণ পরিশিষ্ট: ২ সংযুক্ত)।

অনিয়মের কারণ:

- স্বাবর সম্পত্তি অধিগ্রহণ ও হকুম দখল আইন, ২০১৭ এর ধারা ৯ এর লঙ্ঘন।

নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব: ০১/২০১৭-১৮ নং এল.এ কেইসটি ‘স্বাবর সম্পত্তি অধিগ্রহণ ও হকুমদখল আইন-২০১৭’ উল্লেখ করা হয়েছে। প্রকৃতপক্ষে ০১/২০১৭-২০১৮ নং এল.এ কেইসটি স্বাবর সম্পত্তি অধিগ্রহণ ও হকুমদখল অধ্যাদেশ, ১৯৮২ মোতাবেক অধিগ্রহণ করা হয়। ০১/২০১৭-১৮ নং এল.এ কেইসের ১০ নং আদেশে ৪৮৪,৮৪,৬২,০১৫ টাকার প্রাক্কলন অনুমোদন হওয়ার পর ৩১/১২/২০১৭ খ্রিষ্টাব্দ তারিখে বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল এর মাননীয় সচিব, নারায়ণগঞ্জ-২ আসনের মাননীয় সংসদ সদস্য ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানসহ মতবিনিময় করে ক্ষতিপূরণ ১.৫ গুণ প্রদান এবং সাথে আরও ১.৫ গুণ অনুদান প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে এবং সে হিসেবে ২৮/০৫/২০১৮ খ্রিষ্টাব্দ তারিখে ৯৬৮,৮৫,৭৭,৫৫২ টাকার প্রাক্কলন দেয়া হয়েছে। সুতরাং এখানে প্রকল্প খাতে কোন অতিরিক্ত ৮৩,৪৬,৪৭৯ টাকা জমা প্রদান করা হয়নি।

গত ০২-১২-২০২০ খ্রি. তারিখে এআইআর (AIR) টি সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর জারি করা হলেও কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষা মন্তব্য: ০১/২০১৭-১৮ নং এল.এ কেইসটি ‘স্বাবর সম্পত্তি অধিগ্রহণ ও হকুমদখল অধ্যাদেশ-১৯৮২’ মোতাবেক অধিগ্রহণ করা হয়েছে জবাবে বলা হলেও ‘স্বাবর সম্পত্তি অধিগ্রহণ ও হকুমদখল আইন-২০১৭’ অনুসরণ করে প্রত্যাশী সংস্থা হতে ক্ষতিপূরণের অতিরিক্ত অর্থ গ্রহণ করা হয়েছে। উক্ত আইন লঙ্ঘন করে, ঘরবাড়ি/অবকাঠামোর মূল্য, গাছপালার মূল্য, পুকুর খনন ও অজ্ঞালানী গাছের মূল্য বাবদ স্বাবর সম্পত্তির অনুরূপ অর্থাৎ কাঙ্ক্ষিত বাজারদরের উপর অতিরিক্ত শতকরা ১০০% এর পরিবর্তে ২০০% ক্ষতিপূরণ প্রাক্কলন করে এল.এ খাতে জমা করা হয়েছে। অতিরিক্ত গৃহীত অর্থ সরকারি কোষাগারে (সংযুক্ত তহবিলে) জমা করা আবশ্যিক।

নিরীক্ষার সুপারিশ: প্রকল্প খাত হতে এল.এ খাতে ভূমি অধিগ্রহণের ক্ষতিপূরণ বাবদ অতিরিক্ত ৮৩,৪৬,৪৭৯ টাকা সরকারি কোষাগারে জমা করা আবশ্যিক।

অনুচ্ছেদ নং: ০৩

শিরোনাম: ভূমি অধিগ্রহণে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণের অর্থের সাথে আনুষঙ্গিক খরচ বাবদ ৮৩৪,৭৯,৮২,২৫০ (আটশত চৌত্রিশ কোটি ঊনআশি লক্ষ বিরাশি হাজার দুইশত পঞ্চাশ) টাকা অনিয়মিত ভাবে এল.এ ফান্ডে জমা রাখা।

বিবরণ: জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন জেলা প্রশাসক, ঢাকা, চট্টগ্রাম ও নারায়ণগঞ্জ কার্যালয়ের ১৯৮৩-১৯৮৪ হতে শুরু করে ২০১৯-২০২০ অর্থ বছরের জেলা প্রশাসকের কার্যালয় কর্তৃক ভূমি অধিগ্রহণকৃত অর্থ ছাড়ের টাকা প্রকৃত ক্ষতিগ্রস্তদের মধ্যে যথাযথভাবে পরিশোধ সংক্রান্ত নিরীক্ষায় আইন বহির্ভূতভাবে ভূমি অধিগ্রহণে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণের অর্থের সাথে আনুষঙ্গিক খরচ বাবদ ৮৩৪,৭৯,৮২,২৫০ টাকা এল.এ (LA) ফান্ডে জমা রাখা সংক্রান্ত অনিয়ম পরিলক্ষিত হয়েছে।

জেলা প্রশাসক, ঢাকা, চট্টগ্রাম ও নারায়ণগঞ্জ কার্যালয়ের ১৯৮৩-১৯৮৪ হতে শুরু করে ২০১৯-২০২০ অর্থ বছরের ভূমি অধিগ্রহণ সংক্রান্ত বিভিন্ন বিল ভাউচার, সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনায় দেখা যায় যে, এল.এ কেইস হতে মোট ক্ষতিপূরণ দাবির শতকরা ২%-৩% হারে আনুষঙ্গিক চার্জ বাবদ ৮৩,৪৭,৯৮,২২৫০ টাকা আদায় করা হয়েছে এবং এ অর্থ এল.এ ডিপোজিট খাতে জমা রয়েছে। স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ এর আইনে ক্ষতিপূরণ নির্ধারণের ক্ষেত্রে বিবেচ্য বিষয়াবলির মধ্যে আনুষঙ্গিক চার্জ অন্তর্ভুক্তিকরণের উল্লেখ নেই। এক্ষেত্রে উক্ত আইন লঙ্ঘন করা হয়েছে এবং প্রজাতন্ত্রের সরকারি হিসাবে জমা রেখে অযাচিতভাবে সরকারের দায় তৈরি করা হয়েছে। এছাড়া অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, ব্যয় নিয়ন্ত্রণ শাখা-২ কর্তৃক জারিকৃত ২৫-০১-২০০৭ খ্রি. তারিখের স্মারক নং-অম/অবি/ব্যঃনিঃ-২/ভূমি-১/০৭/২৮১ মূলে জারিকৃত পত্রের নির্দেশনা অনুযায়ী, এল.এ মামলার ক্ষতিপূরণের অর্থ হতে আনুষঙ্গিক ব্যয় বাবদ কর্তনকৃত অর্থ জেলা প্রশাসক কার্যালয়ের এল.এ ফান্ডে জমা রাখা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান পরিপন্থি মর্মে সুস্পষ্ট নির্দেশনা রয়েছে। এক্ষেত্রে স্থাবর সম্পত্তি হুকুম দখল আইন ২০১৭ এবং অর্থ মন্ত্রণালয়ের উক্ত আদেশে ব্যত্যয় ঘটিয়ে আনুষঙ্গিক ব্যয় বাবদ কর্তনকৃত অর্থ জেলা প্রশাসক কার্যালয়ের এল.এ ফান্ডে জমা রাখা হয়েছে যা অনিয়মিত এবং আর্থিক শৃঙ্খলার পরিপন্থি (বিস্তারিত বিবরণ পরিশিষ্ট: ৩ সংযুক্ত)।

অনিয়মের কারণ:

- স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ লঙ্ঘন।
- অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, ব্যয় নিয়ন্ত্রণ শাখা-২ কর্তৃক জারিকৃত ২৫-০১-২০০৭ খ্রি. তারিখের স্মারক নং-অম/অবি/ব্যঃনিঃ-২/ভূমি-১/০৭/২৮১ এর লঙ্ঘন।

নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব: স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ম্যানুয়েল ১৯৯৭এর ৪৫(বা) মোতাবেক সরকারি প্রস্তাবের ক্ষেত্রে ১০ লক্ষ টাকা পর্যন্ত ৩% এবং ১০ লক্ষ টাকার উপরে হলে ২% আনুষঙ্গিক খরচ হিসাব করে প্রাক্কলন করার বিধান রয়েছে। সংশ্লিষ্ট আইন ও বিধি মেনেই উক্ত অর্থ গ্রহণ করা হয়েছে। অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের স্মারক নং-অম/অবি/ব্যঃনিঃ-২/ভূমি-১/০৭/২৮১ তারিখঃ ২৫/০১/২০০৭ খ্রি. অনুযায়ী আনুষঙ্গিক খাতের অর্থ সংশ্লিষ্ট খাতে জমা রয়েছে।

গত ০২-১২-২০২০ খ্রি. তারিখে এআইআর (AIR) টি সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর জারি করা হলেও কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষা মন্তব্য: স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ এর আইনে ক্ষতিপূরণ নির্ধারণের ক্ষেত্রে বিবেচ্য বিষয়াবলির মধ্যে আনুষঙ্গিক চার্জ অন্তর্ভুক্তি করণের উল্লেখ নাই, উক্ত কারণে অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতীত স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ম্যানুয়েল অনুযায়ী আনুষঙ্গিক খরচ চার্জ করার সুযোগ নাই। এল.এ ফান্ডে জমাকৃত আনুষঙ্গিক খরচ বাবদ গৃহীত অর্থ ট্রেজারি রুলস অনুযায়ী সরকারি কোষাগারে (সংযুক্ত তহবিল) জমা করা আবশ্যিক।

নিরীক্ষার সুপারিশ: আনুষঙ্গিক খরচ বাবদ গৃহীত ৮৩৪,৭৯,৮২,২৫০ টাকা সরকারি কোষাগারে জমা করা আবশ্যিক।

অনুচ্ছেদ নং: ০৪

শিরোনাম: উৎসে আয়করের টাকা নির্ধারিত সময়ে সরকারি কোষাগারে জমা না করায় কর্তনকৃত উৎসে আয়কর ও দণ্ডসুদসহ ৭,০৫,৯৯,৯৬৭ (সাত কোটি পাঁচ লক্ষ নিরানব্বই হাজার নয়শত সাতষট্টি) টাকা সরকারের রাজস্ব ক্ষতি।

বিবরণ: জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন জেলা প্রশাসক, ঢাকা কার্যালয়ের ২০১৯-২০২০ অর্থ বছরের জেলা প্রশাসকের কার্যালয় কর্তৃক ভূমি অধিগ্রহণকৃত অর্থ ছাড়ের টাকা প্রকৃত ক্ষতিগ্রস্তদের মধ্যে যথাযথভাবে পরিশোধ সংক্রান্ত নিরীক্ষায় উৎসে আয়করের টাকা নির্ধারিত সময়ে সরকারি কোষাগারে জমা না করায় কর্তনকৃত উৎসে আয়কর দণ্ডসুদসহ সরকারের ৭,০৫,৯৯,৯৬৭ টাকা ক্ষতি সংক্রান্ত অনিয়ম পরিলক্ষিত হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় জেলা প্রশাসক, ঢাকা কার্যালয়ে ভূমি অধিগ্রহণ সংক্রান্ত এল. এ কেস সংক্রান্ত রোয়েদাদ বই, নথিপত্র পর্যালোচনাকালে দেখা যায় যে, এল.এ কেস নং-২০/২০১৫-১৬ ও ০৭/২০১৮-১৯ এর ভূমি অধিগ্রহণে ক্ষতিগ্রস্তদের নিকট থেকে উৎসে কর বাবদ ৬,২২,৫৪,২১৯ টাকা কর্তন করা সত্ত্বেও তা সংযুক্ত তহবিলে জমা করা হয়নি। উক্ত নির্দেশনা অনুযায়ী উৎসে কর বাবদ কর্তনকৃত ৬,২২,৫৪,২১৯ টাকা প্রজাতন্ত্রের সরকারি হিসাবে জমা রেখে অযাচিতভাবে সরকারের দায় সৃষ্টি করা হয়েছে। একই সঙ্গে আয়কর অধ্যাদেশ-১৯৮৪ এর ধারা ৫৭ অনুযায়ী উৎসে আয়কর কর্তনের দায়িত্ব থাকা সত্ত্বেও আয়কর কর্তন করা না হলে অথবা কর্তনকৃত উৎসে আয়কর যথাসময়ে সরকারি কোষাগারে জমা প্রদান না করলে উক্ত অর্থ মাসিক ২% হারে দণ্ড সুদসহ তার নিকট থেকে এমনভাবে আদায় করতে হবে, যেন তিনি পণ্য বা সেবা সরবরাহকারী মর্মে নির্দেশনা রয়েছে। উক্ত টাকা সরকারি কোষাগারে জমা না করায় দণ্ডসুদ বাবদ ৮৩,৪৫,৭৪৮ টাকা আদায়যোগ্য (বিস্তারিত বিবরণ পরিশিষ্ট ০৪ সংযুক্ত)।

অনিয়মের কারণ:

- আয়কর অধ্যাদেশ- ১৯৮৪ এর ধারা ৫৭ লঙ্ঘন।

নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব: আয়কর কর্তনের জন্য সংশ্লিষ্ট কোড/খাতে চেক, চালান ও এডভাইসের মাধ্যমে উৎসে করের নির্দিষ্ট কোডে স্থানান্তর করা হয়। এটি নিয়মিত স্থানান্তর করা হচ্ছে। অবকাঠামোর ক্ষতিপূরণ প্রদানের সময় উৎসে কর কর্তন করা হয়েছে। সংশ্লিষ্ট উৎসে কর কোডে জমা প্রদান করা হয়েছে। উল্লেখ্য চেক, চালান ও এডভাইসের মাধ্যমে এক্ষেত্রে উৎসে কর স্থানান্তর করা হয়।

গত ০২-১২-২০২০ খ্রি. তারিখে এআইআর (AIR) টি সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর জারি করা হলেও কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষা মন্তব্য: জবাবের স্বপক্ষে কোন প্রমাণক পাওয়া যায়নি। প্রমাণকসহ জবাব স্পষ্টীকরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

নিরীক্ষার সুপারিশ: জবাব অনুযায়ী আপত্তিকৃত ৭,০৫,৯৯,৯৬৭ টাকা সরকারি কোষাগারে জমা করা আবশ্যিক।

অনুচ্ছেদ নং: ০৫

শিরোনাম: ভূমি অধিগ্রহণে ক্ষতিগ্রস্তদের অবকাঠামোগত ক্ষতিপূরণ থেকে নিলাম বাবদ কর্তনকৃত অর্থ সরকারি কোষাগারে জমা না করায় ৪০,৫০,৩৮০ (চল্লিশ লক্ষ পঞ্চাশ হাজার তিনশত আশি মাত্র) টাকা সরকারের আর্থিক ক্ষতি।

বিবরণ: জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন জেলা প্রশাসক, ঢাকা কার্যালয়ের ২০১৯-২০২০ অর্থ বছরের জেলা প্রশাসকের কার্যালয় কর্তৃক ভূমি অধিগ্রহণকৃত অর্থ ছাড়ের টাকা প্রকৃত ক্ষতিগ্রস্তদের মধ্যে যথাযথভাবে পরিশোধ সংক্রান্ত নিরীক্ষায় ভূমি অধিগ্রহণে ক্ষতিগ্রস্তদের অবকাঠামোগত ক্ষতিপূরণ হতে নিলাম বাবদ কর্তনকৃত অর্থ সরকারি কোষাগারে জমা না করায় সরকারের ৪০,৫০,৩৮০ টাকা ক্ষতি সংক্রান্ত অনিয়ম পরিলক্ষিত হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায়, জেলা প্রশাসক, ঢাকা কার্যালয়ে এল এ কেস নং- ০৭/২০১৮-১৯ এওয়ার্ড বহি নিরীক্ষায় দেখা যায় যে, এ্যাওয়ার্ডের ক্রমিক নং-০২, ০৮-১৬ এবং ১৮ এর ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ প্রদানের সময় ১০% হারে অবকাঠামোগত ক্ষতিপূরণ থেকে নিলামের জন্য ৪০,৫০,৩৮০ টাকা কর্তন করা হয়। কিন্তু কর্তনকৃত উক্ত অর্থ সরকারি তহবিলে জমা প্রদান না করে জেলা প্রশাসক কার্যালয়ে এল.এ ফান্ডে রেখে দেয়া হয়েছে। জেনারেল ফিন্যান্সিয়াল রুলস্ (জি এফ আর) ৬১ অনুযায়ী, সরকার কর্তৃক সংগৃহীত সকল ঋণ এবং কোন ঋণ পরিশোধ হতে সরকার কর্তৃক প্রাপ্ত সকল অর্থ একটি মাত্র তহবিলের অংশে পরিণত হবে এবং তা সংযুক্ত তহবিল নামে অভিহিত হবে। আলোচ্য নিলাম থেকে প্রাপ্ত আয় সংযুক্ত তহবিলে জমা প্রদান করা হয়নি। ফলে সরকার প্রকৃত রাজস্ব আয় হতে বঞ্চিত হয়েছে। একইসঙ্গে প্রজাতন্ত্রের সরকারি হিসাবে উক্ত অর্থ জমা থাকায় অযাচিতভাবে সরকারের দায় প্রদর্শিত হয়েছে (বিস্তারিত বিবরণ পরিশিষ্ট-৫)।

অনিয়মের কারণ:

- জিএফআর এর ৬১ বিধান লঙ্ঘন।

নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব: ক্ষতিগ্রস্তদের টাকা থেকে কর্তনকৃত নিলামের অর্থ সংশ্লিষ্ট খাতে এল.এ ফান্ডে জমা রয়েছে।

গত ০২-১২-২০২০ খ্রি. তারিখে এআইআর (AIR) টি সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর জারি করা হলেও কোন নিষ্পত্তিমূলক জবাব পাওয়া যায়নি।

নিরীক্ষা মন্তব্য: জবাব আপত্তি নিষ্পত্তি সহায়ক নয়। কর্তনকৃত নিলামের অর্থ এল.এ ফান্ডে জমা রেখে সরকারের একটি অহেতুক দায় সৃষ্টি করা হয়েছে। প্রকৃত পক্ষে নিলাম বাবদ কর্তনকৃত টাকা সরকারের একটি আয় যা জিএফআর এর বিধি ৬১ অনুসারে সরকারি কোষাগারে (সংযুক্ত তহবিলে) জমা করা আবশ্যিক।

নিরীক্ষার সুপারিশ: আপত্তিকৃত ৪০,৫০,৩৮০ টাকা সরকারি কোষাগারে জমা করা আবশ্যিক।

তারিখ: ১৪/০৬/২৪২১ বঙ্গাব্দ
২৪/০৬/২০২২ খ্রিষ্টাব্দ।

(সৈয়দ মুস্তাফা মাহবুব আলী)
মহাপরিচালক
সাংবিধানিক প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর।

দ্বিতীয় অংশ

পরিশিষ্টসমূহ

নিরীক্ষিত প্রতিষ্ঠানের নাম: জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন জেলা প্রশাসক, ঢাকা ও চট্টগ্রাম।

শিরোনাম: ভূমি অধিগ্রহণে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ বাবদ বিতরণযোগ্য ৪৭৯১,৬৭,২২,১৭১ টাকা বিতরণ না করায় প্রকৃত মালিকগণ ক্ষতিগ্রস্ত হয়েছে।

ক্রমিক নং	পরিশিষ্ট নং	বিবরণ	টাকার পরিমাণ	মন্তব্য
১	২	৩	৪	৫
১	পরিশিষ্ট নং-০১(১)	ভূমি অধিগ্রহণে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ বাবদ বিতরণযোগ্য টাকা বিতরণ করা হয়নি।	৩৯৬৭৫৩৯৭৩০৯	জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
২	পরিশিষ্ট নং-০১(২)	ভূমি অধিগ্রহণে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ বাবদ বিতরণযোগ্য টাকা বিতরণ করা হয়নি।	৮২৪১৩২৪৮৬২	জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম।
		মোট=	৪৭৯১,৬৭,২২,১৭১	

নিরীক্ষিত প্রতিষ্ঠানের নাম: জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন জেলা প্রশাসক, ঢাকা।

শিরোনাম: ভূমি অধিগ্রহণে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ বাবদ বিতরণযোগ্য ৩৯৬৭,৫৩,৯৭,৩০৯ (তিন হাজার নয়শত সাতষট্টি কোটি তেপান লক্ষ সাতানব্বই হাজার তিনশত নয়) টাকা বিতরণ না করায় প্রকৃত মালিকগণ ক্ষতিগ্রস্ত হয়েছে।

ক্র. নং	এল.এ.কেস নং	প্রত্যাশী সংস্থা হতে প্রাপ্ত অর্থের পরিমাণ (টাকায়)	ক্ষতিগ্রস্তদের বিতরণকৃত অর্থের পরিমাণ (টাকায়)	অবিতরণকৃত অর্থের পরিমাণ (টাকায়)	অবিতরণকৃত অর্থের পরিমাণ (টাকায়)				মন্তব্য
					মামলা জনিত		মামলা ছাড়া		
					ক্ষতিগ্রস্তদের সংখ্যা	টাকার পরিমাণ	ক্ষতিগ্রস্ত সংখ্যা	টাকার পরিমাণ	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১	০৫/২০০৬-০৭	৭৬০৯০৭৩৮৭	২৮৫১৯২৬৩৫	৪৭৫৭১৪৭৫২	৩৮	৭৮১৪২৩১৫	১১৫	৩৯৭৫৭২৪৩৭	
২	০২/২০০৭-০৮	৯৫৮৮১১৫৪০	৬৩৯৪৯৫১৯	৮৯৪৮৬২০২১	০	০	৯১	৮৯৪৮৬২০২১	
৩	০৭/২০০৭-০৮	৪২৮৩১৭৩৩৪	৩৫১৭৯৯১২৮	৭৬৫১৮২০৬	০	০	২৫	৭৬৫১৮২০৬	
৪	১৩/২০০৭-০৮	৪৮৮১২৯৫৯৩৫	১৭১০৭৩০০১০	৩১৭০৫৬৫৯২৫	০	০	১৫৯	৩১৭০৫৬৫৯২৫	
৫	০১/২০০৮-০৯	৪৪৯৫২৬৪৪১	৩০৪০৩০২২২	১৪৫৪৯৬২১৯	০	০	১০০	১৪৫৪৯৬২১৯	
৬	০২/২০০৯-১০	২৯১১৬৭৩২০১	১২৮৭০১১৪৮৭	১৬২৪৬৬১৭১৪	০	০	১৯৬	১৬২৪৬৬১৭১৪	
৭	১৩/২০১০-১১	৩১৬৩৫০১১৬২	২৬২৭৯০২৩৩৪	৫৩৫৫৯৮৮২৮	০	০	১৫	৫৩৫৫৯৮৮২৮	
৮	০৩/২০১২-১৩	৫৬০৭৬৯৩৯	০	৫৬০৭৬৯৩৯	০	০	১৯	৫৬০৭৬৯৩৯	
৯	০৪/২০১২-১৩	২২৬৮৪০২৯	১৩১৫৫৭৭৩	৯৫২৮২৫৬	০	০	১	৯৫২৮২৫৬	
১০	০৫/২০১২-১৩	২৬১৮৫৮৮৭২	১৫৬৩২৬১২৯	১০৫৫৩২৭৪৩	০	০	১	১০৫৫৩২৭৪৩	
১১	০৬/২০১২-১৩	৫৮৮৭৭৭৬৭৭	৪৪০৪৪৭১৭০	১৪৮৩৩০৫০৭	০	০	৩	১৪৮৩৩০৫০৭	
১২	০৩/২০১৪-১৬	৯৮৩০২২১১৩	৬৪৮০৯৩৭৯৮	৩৩৪৯২৮৩১৫	১২৭	২৪৮৭৬৭১৩৪	৩৮	৮৬১৬১১৮১	
১৩	০৫/২০১৪-১৫	২৭২৮৩৩১০৯	২০৫৬১৮৬১১	৬৭২১৪৪৯৮	৯১	৪৬০২২৩০৩	১১	২১১৯২১৯৫	
১৪	০৬/২০১৪-১৫	৪৭৮৯৭৭৮৬৪	৩৯১৪৬০৭১৯	৮৭৫১৭১৪৫	১৪৩	৫৩৫১৭১৬২	১৪	৩৩৯৯৯৯৮৩	
১৫	৪/২০১৫-১৬	১০৯৫২৮৭৬২২৫	৯৬৯৩৩৫৪৯৭০	১২৫৯৫২১২৫৫	০	০	১৭০	১২৫৯৫২২২৫৫	
১৬	৫/২০১৫-১৬	১১৭১৫৯১৬৬৬	৭০৩৬০৪১৬৫	৪৬৭৯৮৭৫০১	০	০	১৬১	৪৬৭৯৮৭৫০১	
১৭	০৬/২০১৫-১৬	৪৯০৮৬২২০৭	৪৮৫৯৮৯০৮৮	৪৮৭৩১১৯	০	০	৩২	৪৮৭৩১১৯	
১৮	০৭/২০১৫-১৬	৪৩৬৭৩০৭৮৬	৪০৭২৪৩৩৫৫	২৯৪৮৭৪৩১	০	০	১২	২৯৪৮৭৪৩১	
১৯	০৯/২০১৫-১৬	৯৭৩১৩৭৬৮০	০	৯৭৩১৩৭৬৮০	০	০	১৩	৯৭৩১৩৭৬৮০	
২০	১২/২০১৫-১৬	৪৯৭৩১৬৮৪৭	৩৬২০৬২৫৫৩	১৩৫২৫৪২৯৪	০	০	৪	১৩৫২৫৪২৯৪	
২১	১৩/২০১৫-১৬	৫৪৮৯১৫৭৭৩	৪৫৩৫৮০২২৬	৯৫৩৩৫৫৪৭	০	০	৩৬	৯৫৩৩৫৫৪৭	

ক্র. নং	এল.এ.কেস নং	প্রত্যাশী সংস্থা হতে প্রাপ্ত অর্থের পরিমাণ (টাকায়)	ক্ষতিগ্রস্তদের বিতরণকৃত অর্থের পরিমাণ (টাকায়)	অবিতরণকৃত অর্থের পরিমাণ (টাকায়)	অবিতরণকৃত অর্থের পরিমাণ (টাকায়)				মন্তব্য
					মামলা জনিত		মামলা ছাড়া		
					ক্ষতিগ্রস্তদের সংখ্যা	টাকার পরিমাণ	ক্ষতিগ্রস্ত সংখ্যা	টাকার পরিমাণ	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
২২	১৪/২০১৫-১৬	৮১২১৯৪৪	৭৮০৩৪৩৭	৩১৮৫০৭	০	০	৩	৩১৮৫০৭	
২৩	১৬/২০১৫-১৬	৬৪১১৮৭৪৬৫	৪৩৮৫৪৮৫২৮	২০২৬৩৮৯৩৭	০	০	৯৯	২০২৬৩৮৯৩৭	
২৪	১৯/২০১৫-১৬	৩২১৩৩২৫০৪	১২৯৪৭৯৪০২	১৯১৮৫৩১০২	১১	৭৫০৪২২১০	১৩	১১৬৮১০৮৯২	
২৫	২০/২০১৫-১৬	৩৭১০১২২৫৭৪৩	২৬০২৬৫২০১৩৭	১১০৭৪৭০৫৬০৬	২৫	০	৪৫২	১১০৭৪৭০৫৬০৬	
২৬	২১/২০১৫-১৬	১৮৮২৯৩৫৩৯৪	১২৪৯৯৭৪৯৫৮	৬৩২৯৬০৪৩৬	২৮	১৫৪৫৬৪১৮৬	৭২	৪৭৮৩৯৬২৫০	
২৭	২২/২০১৫-১৬	১৫১১৯৪৩৬০৮	৮০৮৩০৯৫২৮	৭০৩৬৩৪০৮০	৫৫৯	৫২৩৬৪১৩৪১	২৯১	১৭৯৯৯২৭৩৯	
২৮	৫/২০১৬-১৭	৬৮২৭৬৩	০	৬৮২৭৬৩	০	০	০	৬৮২৭৬৩	
২৯	১০/২০১৬-১৭	২৭৬৬৯৯১৯	২৬৫৮৪৮২৪	১০৮৫০৯৫	০	০	১	১০৮৫০৯৫	
৩০	১১/২০১৬-১৭	২৫৫৩৪২১	৪৩৮৮৮৮	২১১৪৫৩৩	০	০	২	২১১৪৫৩৩	
৩১	১২/২০১৬-১৭	১৯৭০০৪৩৯৩	৯৬৫০৪০৫৩	১০০৫০০৩৪০	৭	৫৬১৬০৩২৯	৯	৪৪৩৪০০১১	
৩২	০৯/২০১৬-১৮	৮২০৯৫৮৮০৮	৭২৪৬৬৬৯২৫	৯৬২৯১৮৮৩	০	০	৩৯	৯৬২৯১৮৮৩	
৩৩	১১/২০১৭-১৮	৪৩২১২৬৬৪৪৫	১৯৭২৪৭১৭৫৩	২৩৪৮৭৯৪৬৯২	০	০	৪৪১	২৩৪৮৭৯৪৬৯১	
৩৪	১২/২০১৭-১৮	৩৩৫৭২০০০	২২১০৭৭২৯	১১৪৬৪২৭১	১	৯৪৫১৯৯৪	৫	২০১২২৭৭	
৩৫	১৪/২০১৭-১৮	৮৯০৮৪৬৩৬৯	৮২০১৮১১৬৫	৭০৬৬৫২০৪	০	০	১৭	৭০৬৬৫২০৪	
৩৬	১৫/২০১৭-১৮	৮৮০২৬২৪৪৪	৭৩২৬০২০৯৩	১৪৭৬৬০৩৫১	০	০	১০	১৪৭৬৬০৩৫১	
৩৭	১৭/২০১৭-১৮	৩৮৭৯৩৪১৯২	২৬৬৪০১২১৮	১২১৫৩২৯৭৪	০	০	১৮	১২১৫৩২৯৭৪	
৩৮	১৮/২০১৭-১৮	৯৯০৮৯০৭৯	২২৭৮৮৭২০	৭৬৩০০৩৫৯	০	০	৫	৭৬৩০০৩৫৯	
৩৯	১৯/২০১৭-১৮	৩০১০০৫৭৯৫	২৬৫৮০৪৭৩০	৩৫২০১০৬৫	০	০	৮	৩৫২০১০৬৫	
৪০	২১/২০১৭-১৮	১৩৫৫৮৬৬৮০	০	১৩৫৫৮৬৬৮০	০	০	০	১৩৫৫৮৬৬৮০	
৪১	২৩/২০১৭-১৮	১২৫৭০৪১৪৫৯৬	২৭০৮৮৭৫৩০৫	৯৮৬১৫৩৯২৯১	০	০	১৭৬	৯৮৬১৫৩৯২৯১	
৪২	০১/২০১৮-১৯	৫২৭১৯৯১৬	৩৯২৪৭৭৯০	১৩৪৭২১২৬	০	০	১২	১৩৪৭২১২৬	
৪৩	০২/২০১৮-১৯	৮৯৯৮০৪৯৮৩৩	৫৬৯৩৩৮০৬৬৬	৩৩০৪৬৬৯১৬৭	০	০	৮৪১	৩৩০৪৬৬৯১৬৭	
৪৪	০৪/২০১৮-১৯	৫৩৫৫৫৩০৭৫	৩৩৫৮৪৯০৭৯	১৯৯৭০৩৯৯৬	০	০	৩০	১৯৯৭০৩৯৯৬	
৪৫	০৫/২০১৮-১৯	৩২৯৫০৭৬৫	২৫৫৫০৩৪০	৭৪০০৪২৫	০	০	৫	৭৪০০৪২৫	
৪৬	৭/২০১৮-১৯	১০৫৭৪৫৫৮৯৮	১৭৫৬৬৮৩৯২	৮৮১৭৮৭৫০৬	০	০	২০৮	৮৮১৭৮৭৫০৬	
মোট		১০৪১০২০১৭৮৩৫	৬৩১৮১৩১১৫৫২	৪০৯২০৭০৬২৮৩	১০৩০	১২৪৫৩০৮৯৭৪	৩৯৭৩	৩৯৬৭,৫৩,৯৭,৩০৯	

নিরীক্ষিত প্রতিষ্ঠানের নাম: জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন জেলা প্রশাসক, চট্টগ্রাম।

শিরোনাম: ভূমি অধিগ্রহণে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ বাবদ বিতরণযোগ্য ৮২৪,১৩,২৪,৮৬২ টাকা বিতরণ না করায় প্রকৃত মালিকগণ ক্ষতিগ্রস্ত হয়েছে।

ক্র. নং	এল.এ. কেস নং	প্রত্যাশী সংস্থা হতে প্রাপ্ত অর্থের পরিমাণ (টাকায়)	ক্ষতিগ্রস্তদের বিতরণকৃত অর্থের পরিমাণ (টাকায়)	অবিতরণকৃত অর্থের পরিমাণ (টাকায়)	অবিতরণকৃত অর্থের পরিমাণ (টাকায়)				মন্তব্য
					মামলা জনিত		মামলা ছাড়া		
					ক্ষতিগ্রস্ত সংখ্যা	টাকার পরিমাণ	ক্ষতিগ্রস্ত সংখ্যা	টাকার পরিমাণ	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১	১১/২০০৭-০৮	৭০৩৮৬৯	২০৫০৯৪	৪৯৮৭৭৫	৩	২১৫৬৪০	৪	২৮৩১৩৫	
২	১৫/২০০৭-০৮	১৮২৭৩৫৪০২	১২৯৫৪৬৮৭৮	৫৩১৮৮৫২৪	৩১	৩২০১৫৭১২	২১	২১১৭২৮১২	
৩	২২/২০০৭-০৮	২৫২৭৪৯৪৯৪	২০৫৬৫৮০২২	৪৭০৯১৪৭১	২০	২৫৬২৭০০২	২৫	২১৪৬৪৪৬৯	
৪	০৫/২০১০-১১	৪৮৯৩৮২৫০৮	৬০৭৭৮৩৫৭	৪২৮৬০৪১৫১	৮৯	২৬৩৫০০০২২	৩১	১৬৫১০৪১২৯	
৫	২০/২০১১-১২	৪৩৫৮১৪৯২৭	২৮৫৮৪৩৬৪৪	১৪৯৯৭১২৮৪	১০০	৭১৯৭১০০০	১৯০	৭৮০০০২৮৪	
৬	২৪/২০১১-১২	৭৪৩৭৯৫৩৫	৫১৩৬২০৮৬	২৩০১৭৪৪৯	০	২৩০১৭৪৪৯	৪৪	০	
৭	০৩/২০১৩-১৪	৭২৪৫৫২০	৬৭৮১৯০৭	৪৬৩৬১৪	১	২২০০০০	১	২৪৩৬১৪	
৮	১২/২০১৪-১৫	৫৪১৫৬২৮৮	৩৮৯৩৩৪৫০	১৫২২২৮৩৮	৩৬	৫০০০০০	৯০	১৪৭২২৮৩৮	
৯	১৩/২০১৪-১৫	২১৮৭৬৪২৭৪৭	৬৫৬৫৫৭৬৭৬	১৫৩১০৮৫০৭১	৩২০	১২০৫০৩৩৫২০	১০৯	৩২৬০৫১৫৫১	
১০	১৫/২০১৪-১৫	৩৮২৫০২৮৫	৩৭৯৩৬৯৩৯	৩১৩৩৪৭	২	১১৩০০০	৪	২০০৩৪৭	
১১	১৬/২০১৪-১৫	১১৯৪৫২৯০	৬৩৭৭২৯২	৫৫৬৭৯৯৮	৭	৫০৬০০০০	২০	৫০৭৯৯৮	
১২	১৭/২০১৪-১৫	২১০৭৫৩৪৫২	১৬৪৮৪৫৭১৮	৪৫৯০৭৭৩৩	২০	২৯০৫০৫২০	১৬	১৬৮৫৭২১৩	
১৩	০১/২০১৫-১৬	৪১১২২৮৫২৪৮	২০১৩৭৯৮৯৬৭	২০৯৮৪৮৬২৮১	১৩৯	১০৮৭০৮৮৪	২০৬	২০৮৭৬১৫৩৯৭	
১৪	০৩/২০১৫-১৬	২১৩৫৬১৭১২	১৬৩৮৪৫৮৪৫	৪৯৭১৫৮৬৭	১০	২১৫৩২৫১৫	১৫	২৮১৮৩৩৫২	
১৫	১১/২০১৫-১৬	২৫০৭০৭৩৪৪	২০৩৬৩৯৩৮৪	৪৭০৬৭৯৬১	৫	২৮৮৭০৩২৮	১০	১৮১৯৭৬৩৩	
১৬	১৭/২০১৫-১৬	২৭৪৬১৯৯৫০	১৪৪৫৭০৩০৪	১৩০০৪৯৬৪৬	০	১৩০০৪৯৬৪৬	৬৬	০	
১৭	০৬/২০১৬-১৭	৯৭৮৭৫০৯১৯	২২৫১৩৩১৭৫	৭৫৩৬১৭৭৪৩	৫৬	২৯৭৯৯০০০	১৭০	৭২৩৮১৮৭৪৩	
১৮	০৭/২০১৬-১৭	৯৬৪৮৭৮৯৪	৬৪৫৮৫৩৮২	৩১৯০২৫১২	১০	১৬০৭০৩১২	২৫	১৫৮৩২২০০	

ক্র. নং	এল.এ. কেস নং	প্রত্যাক্ষী সংস্থা হতে প্রাপ্ত অর্থের পরিমাণ (টাকায়)	ক্ষতিগ্রস্তদের বিতরণকৃত অর্থের পরিমাণ (টাকায়)	অবিতরণকৃত অর্থের পরিমাণ (টাকায়)	অবিতরণকৃত অর্থের পরিমাণ (টাকায়)				মন্তব্য
					মামলা জনিত		মামলা ছাড়া		
					ক্ষতিগ্রস্ত সংখ্যা	টাকার পরিমাণ	ক্ষতিগ্রস্ত সংখ্যা	টাকার পরিমাণ	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১৯	০৯/২০১৬-১৭	১৭৫৮৭৭২০২	৯৯২৮১০৪৬	৭৬৫৯৬১৫৬	২৫	৩৬২৭০৮১৫	৩৭	৪০৩২৫৩৪১	
২০	১৩/২০১৬-১৭	২০১৫৪৭৬১৭	১০২৩৬৯৫২২	৯৯১৭৮০৯৫	৬	৫২৯৭৯৭৫২	৯	৪৬১৯৮৩৪৩	
২১	১৬/২০১৬-১৭	১৭০২৭২২২৬	১২২১৯৭০৩৯	৪৮০৭৫১৮৭	১৫	২৭০৫০৫৭০	৩০	২১০২৪৬১৭	
২২	১৭/২০১৬-১৭	৪২৬০৯৩০১	৪১২৫৪৮৮৪	১৩৫৪৪১৭	১৮	৫৯৯৪৫০	১১	৭৫৪৯৬৭	
২৩	১৯/২০১৬-১৭	২০৫৩১৫৭০৩৬	১৪৭৮৪৩২৫১২	৫৭৪৭২৪৫২৪	৭৬	১৬৮০০৭৪৭	১২২	৫৫৭৯২৩৭৭৭	
২৪	২০/২০১৬-১৭	১৪৫১৯০১৫০	১২৫৯৮৩৫৬৯	১৯২০৬৫৮১	৫	৮০৭০৬৯২	১৭	১১১৩৫৮৮৯	
২৫	২২/২০১৬-১৭	২৫৯১৯২৩০২	১৩০৩৫১২২১	১২৮৮৪১০৮১	৩১	৭৫৮৬৫৪২৩	৩৪	৫২৯৭৫৬৫৮	
২৬	২৫/২০১৬-১৭	৮৮৪৮৩৬১০৭	৫৬৯৩৩১৭২৩	৩১৫৫০৪৩৮৫	১৫	১০৫০০০০০০	১১৫	২১০৫০৪৩৮৫	
২৭	০১/২০১৭-১৮	১৩১৬৯২৩৯৭৪	৫০০১৮০১৬৪	৮১৬৭৪৩৮১১	২২০	২৮৮০০০০০	১০৯	৭৮৭৯৪৩৮১০	
২৮	০২/২০১৭-১৮	৭৬৭১২২৬৮৭	৩০৪৪০৮০৩৪	৪৬২৭১৪৬৫৪	৬৪	১৭৭০০০০০	২১২	৪৪৫০১৪৬৫৪	
২৯	০৬/২০১৭-১৮	২৩১৭০৪৮৭৪	২২৯৩২৬৩৯	২০৮৭৭২২৩৫	৯৬	১৫৮০০০০০	১২০	১৯২৯৭২২৩৫	
৩০	০৭/২০১৭-১৮	৪১২৮৭০৩০৪৩	২৭৭১৪৫১৬৩২	১৩৫৭২৫১৪১১	২২৯	৩৯৫৩১২০৩৩	৪৮৯	৯৬১৯৩৯৩৭৮	
৩১	০৮/২০১৭-১৮	১২০৮৪০৫১১০	৭৭৮৭১৪৬৮৭	৪২৯৬৯০৪২৩	৩৪	১২০৩৫৬২২	৩২৫	৪১৭৬৫৪৮০০	
৩২	১১/২০১৭-১৮	২৪৪৬১১৪৭	৪৩৪৮৫২৫	২০১১২৬২২	৫	৩৫১২৭০০	২৮	১৬৫৯৯৯২২	
৩৩	১৭/২০১৭-১৮	২০১১৩০০৪০৪	১১৪৩৯১৭১৪৮	৮৬৭৩৮৩২৫৬	১৫৬২	৩৬৯৯০০০০০	৩০০	৪৯৭৪৮৩২৫৬	
৩৪	২৩/২০১৭-১৮	১৫৮৯০৪৬৫৮৪	১২৯৫০৪৪০৫১	২৯৪০০২৫৩৩	২৬	৪৯৭০০০০০	৪২	২৪৪৩০২৫৩৩	
৩৫	২৬/২০১৭-১৮	১০১৬৫২৮৯৫	৫০২৯৮০৬১	৫১৩৫৪৮৩৪	১৫	২৫৩৬২৫৪০	৪৫	২৫৯৯২২৯৪	
৩৬	০১/২০১৮-১৯	৬৮৬৪৬৩৪৬	৫২০০৬৯৬০	১৬৬৩৯৩৮৫	২০	১১০৯২৯০৪	১০	৫৫৪৬৪৮১	
৩৭	০৭/২০১৮-১৯	২৪৪১৮২৭৪৯	২৩৯২৯৯০৯৪	৪৮৮৩৬৫৫	১৪	৩০২৫০০০	১৯	১৮৫৮৬৫৫	
৩৮	০৮/২০১৮-১৯	১৩৬৯৪৮২৯৬	৮৯৫৪২৭৫৩	৪৭৪০৫৫৪২	৯	৪৭৪০৫৫৪২	০	০	
৩৯	১৭/২০১৮-১৯	৪৪০৮৬৮২৬	৪৪০৮৬৮২৬	০	০	০	০	০	
৪০	১৮/২০১৮-১৯	৫৯৭৭৮৫৯৬৮	৩৫৫৭৮৫২৩৬	২৪২০০০৭৩২	১০	৫৭০৮২৫৮০	৩৫	১৮৪৯১৮১৫২	
মোট=		৪৩৮৬,৯৬,৯২,৩৬৬	২৩১২,২৯,৮০,৫৬১	২০৭৪,৬৭,১১,৮০৫	৪৯১০	৬৯৪,৮১,৭৭,৩৯৮	৪৮৬০	৮২৪,১৩,২৪,৮৬২	

নিরীক্ষিত প্রতিষ্ঠানের নাম: জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।

শিরোনাম: প্রত্যাশী সংস্থার সংশ্লিষ্ট প্রকল্প খাত হতে এল.এ খাতে ভূমি অধিগ্রহণের ক্ষতিপূরণ বাবদ অতিরিক্ত ৮৩,৪৬,৪৭৯ টাকা জমা করায় সরকারের আর্থিক ক্ষতি।

টেবিল ১

মৌজার নাম	প্রজাসত্ত্ব মূল্য	৯(২) ধারা মতে বাজার মূল্যের উপর ২০০% হারে অতিরিক্ত মূল্য	প্রজাসত্ত্বের মোট বাজার মূল্য	ঘরবাড়ি/অবকাঠামোর মূল্য	গাছপালার মূল্য	মোট ঘরবাড়ি/অবকাঠামোর ও গাছপালার মূল্য	মোট ঘরবাড়ি/অবকাঠামোর ও গাছপালার মূল্যের ১০০% ক্ষতিপূরণ	ঘরবাড়ি/অবকাঠামোর বাজার মূল্য
১	২	৩	৪ (২+৩)	৫	৬	৭ (৫+৬)	৮	৯ (৭+৮)
পাঁচগাঁও	৯৬২০৮৯৭২৮	১৯২৪১৭৯৪৫৬	২৮৮৬২৬৯১৮৮	০	১৫০০০	১৫০০০	১৫০০০	৩০০০০
পাঁচরুখী	২১৯৯৩৪১৫৪১	৪৩৯৮৬৮৩০৮২	৬৫৯৮০২৪৬২৩	৫৮২০৬৩৯	২৯৩১৭৮	৬১১৩৮১৬	৬১১৩৮১৬	১২২২৭৬৩২
সর্বমোট	৩১৬১৪৩১২৬৯	৬৩২২৮৬২৫৩৮	৯৪৮৪২৯৩৮০৭	৫৮২০৬৩৯	৩০৮১৭৮	৬১২৮৮১৬	৬১২৮৮১৬	১২২৫৭৬৩২

টেবিল-২ (টেবিল ১ এর পরের অংশ)

মৌজার নাম	পুকুর খনন	অজ্ঞালানী গাছ	পুকুর খনন ও অজ্ঞালানী গাছের মূল্য	মোট বাজার মূল্য	আনুষঙ্গিক ব্যয় (২%)	মোট জমির মূল্য	জমির মূল্য বাবদ গ্রহণ	অনুদান বাবদ গ্রহণ	মোট গ্রহণ	অতিরিক্ত গ্রহণ
১	১০	১১	১২ (১০+১১)	১৩ (৪+৯+১২)	১৪	১৫=(১৩+১৪)	১৬	১৭	১৮ (১৬+১৭)	১৯(১৮-১৫)
পাঁচগাঁও	৪১৩৪১	০	৪১৩৪১	২৮৮৬৩৪০৫২৫	৫৭৭২৬৮১০	২৯৪৪০৬৭৩৩৫	১৪৭২০৬২৪০১	১৪৭২০৬২৪০১	২৯৪৪১২৪৮০২	৫৭৪৬৭
পাঁচরুখী	২০০৮৪৬৫	৪২০০	২০১২৬৬৫	৬৬১২২৬৪৯২০	১৩২২৪৫২৯৮	৬৭৪৪৫১০২১৮	৩৩৭৬৩৯৯৬১৫	৩৩৭৬৩৯৯৬১৫	৬৭৫২৭৯৯২৩০	৮২৮৯০১২
সর্বমোট	২০৪৯৮০৬	৪২০০	২০৫৪০০৬	৯৪৯৮৬০৫৪৪৫	১৮৯৯৭২১০৯	৯৬৮৮৫৭৭৫৫৩	৪৮৪৮৪৬২০১৫	৪৮৪৮৪৬২০১৫	৯৬৯৬৯২৪০৩২	৮৩,৪৬,৪৭৯

নিরীক্ষিত প্রতিষ্ঠানের নাম: জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন জেলা প্রশাসক ঢাকা, চট্টগ্রাম ও নারায়ণগঞ্জ ।

শিরোনাম: ভূমি অধিগ্রহণে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণের অর্থের সাথে আনুষঙ্গিক খরচ বাবদ ৮৩৪,৭৯,৮২,২৫০ টাকা অনিয়মিত ভাবে এল.এ ফান্ডে জমা রাখা ।

ক্রমিক নং	পরিশিষ্ট নং-	বিবরণ	টাকার পরিমাণ	মন্তব্য
১	২	৩	৪	৫
১	পরিশিষ্ট নং-০৩(১)	ভূমি অধিগ্রহণে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণের অর্থের সাথে আনুষঙ্গিক খরচ বাবদ অনিয়মিত ভাবে এল.এ ফান্ডে জমা রাখা ।	৬৩৪৩৪৯৪০৩৫	জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা ।
২	পরিশিষ্ট নং-০৩(২)	ভূমি অধিগ্রহণে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণের অর্থের সাথে আনুষঙ্গিক খরচ বাবদ অনিয়মিত ভাবে এল.এ ফান্ডে জমা রাখা ।	১৮১৪৩৫২৪৪৯	জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম ।
৩	পরিশিষ্ট নং-০৩(৩)	ভূমি অধিগ্রহণে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণের অর্থের সাথে আনুষঙ্গিক খরচ বাবদ অনিয়মিত ভাবে এল.এ ফান্ডে জমা রাখা ।	১৯০১৩৫৭৬৬	জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ ।
মোট=			৮৩৪,৭৯,৮২,২৫০	

নিরীক্ষিত প্রতিষ্ঠানের নাম: জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন জেলা প্রশাসক, ঢাকা।

শিরোনাম: ভূমি অধিগ্রহণে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণের অর্থের সাথে আনুষঙ্গিক খরচ বাবদ ৬৩৬,৮৭,৫৪,০৩৪ টাকা অনিয়মিত ভাবে এল.এ ফান্ডে জমা রাখা।

ক্র:নং	এল.এ.কেস নং	প্রত্যাশী সংস্থা হতে প্রাপ্ত টাকার পরিমাণ	আনুষঙ্গিক খাতে প্রাপ্ত	আনুষঙ্গিক খাতে ব্যয়	আনুষঙ্গিক খাতে অবশিষ্ট	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭
১	০১/১৯৮৩-৮৪	৫৭২৪৪১৯	২৭২৫৯১	০	২৭২৫৯১	শাখা-১
২	০৭/১৯৮৪-৮৫	৬৬৬৭৩০	৩১৭৪৯	০	৩১৭৪৯	
৩	০১/১৯৮৫-৮৬	২৮৪৩৬৮৩৮	১৩৫৪১৩৫	০	১৩৫৪১৩৫	
৪	০২/১৯৮৫-৮৬	২৩১৪৭৭৯১	২১০৪৩৪৫	০	২১০৪৩৪৫	
৫	০৩/১৯৮৫-৮৬	১০৮০১৮৯	১০৬৯৫	০	১০৬৯৫	
৬	০৫/১৯৮৫-৮৬	১৮৬১৩৯৫৭	৮৮৬৩৭৯	০	৮৮৬৩৭৯	
৭	০৬/১৯৮৫-৮৬	৩৩৯৩৩৫০	৩০৮৪৮৬	০	৩০৮৪৮৬	
৮	০২/১৯৮৬-৮৭	২৮১৯৫০০৭	২৫৬৩১৮২	০	২৫৬৩১৮২	
৯	০৩/১৯৮৬-৮৭	৫০৫৩৭৩	৪৫৯৪৩	০	৪৫৯৪৩	
১০	০৪/১৯৮৬-৮৭	৪৮৭৮৩৮	২৩২৩০	০	২৩২৩০	
১১	০২/১৯৮৭-৮৮	৯২৬১৩৬৫৮৭	৪৪১০১৭৪২	০	৪৪১০১৭৪২	
১২	০৯/১৯৮৮-৮৯	২৯১৭১৮৬	২৬৫১৯৯	০	২৬৫১৯৯	
১৩	১০/১৯৮৮-৮৯	৭৫৬৩৯৩০৭	৩৬০১৮৭২	০	৩৬০১৮৭২	
১৪	৩৯/১৯৮৯-৯০	৫৬৩০৯৫৩	২৬৮১৪১	০	২৬৮১৪১	
১৫	৪০/১৯৮৯-৯০	৪১৮১৮৮৮৪	০	০	০	
১৬	৪০-বি/১৯৮৯-৯০	৫৫৪৮৭৬৯০	৩৮৭১২৩৪	০	৩৮৭১২৩৪	
১৭	২১/১৯৯০-৯১	৫৮৯৩৯২৫২	২৮০৬৬৩১	০	২৮০৬৬৩১	
১৮	১১/১৯৯৩-৯৪	৬৬৯৪২২	০	০	০	
১৯	১৩/১৯৯৩-৯৪	২৭০৩০৮২৫৪	০	০	০	
২০	০১/১৯৯৩-৯৪	১৪৯৪১৫৯৮৬	৭১১৫০৪৭	০	৭১১৫০৪৭	
২১	১২/১৯৯৪-৯৫	৬০০২৫৯১	১১৭৬৯৮	০	১১৭৬৯৮	
২২	১০/১৯৯৬-৯৭	১১৫৬৫৪৩৯১	৮০৬৮৯১১	০	৮০৬৮৯১১	
২৩	০৪/১৯৯৮-৯৯	৫৮৭৮৬৫	০	০	০	
২৪	০৭/১৯৯৮-৯৯	৬৮০৪৫৩০৮৫	০	০	০	

ক্র:নং	এল.এ.কেস নং	প্রত্যাশী সংস্থা হতে প্রাপ্ত টাকার পরিমাণ	আনুষঙ্গিক খাতে প্রাপ্ত	আনুষঙ্গিক খাতে ব্যয়	আনুষঙ্গিক খাতে অবশিষ্ট	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭
২৫	১১/১৯৯৯-২০০০	১০১১১৫৩১৬৪	৭০৫৪৫৫৭০	০	৭০৫৪৫৫৭০	
২৬	১৩/১৯৯৯-২০০০	১৯৪৫০৮৭৯৪	১৩৫৭০৩৮১	০	১৩৫৭০৩৮১	
২৭	০৭/২০০০-২০০১	১৪৮০৪১৭১৩৫	১০৩২৮৪৯১৬	০	১০৩২৮৪৯১৬	
২৮	০৬/২০০১-২০০২	৩৯১৪৯৯২২৫৯	২৭৩১৩৮৯৯৫	০	২৭৩১৩৮৯৯৫	
২৯	০৬/২০০৩-২০০৪	৪৫৪৪২৪৪৬	৩১৭০৪০৩	০	৩১৭০৪০৩	
৩০	০৮/২০০২-২০০৩	৪০৩০২৯৯	০	০	০	
৩১	০৭/২০০৭-২০০৮	৪২৮৩১৭৩৩৪	২৯৮৮২৬০৫	০	২৯৮৮২৬০৫	
৩২	১৩/২০০৭-২০০৮	৪৮৮১২৯৫৯৩৫	৩৪০৫৫৫৫৩০	০	৩৪০৫৫৫৫৩০	
৩৩	০১/২০০৮-২০০৯	৪৪৯৫২৬৪৪১	৩১৩৬২৩১০	০	৩১৩৬২৩১০	
৩৪	০২/২০০৯-২০১০	২৯১১৬৭৩২০১	২০৩১৩৯৯৯১	০	২০৩১৩৯৯৯১	
৩৫	১৩/২০১০-২০১১	৩১৬৩৫০১১৬২	০	০	০	
৩৬	১৬/২০১০-২০১১	০	০	০	০	
৩৭	০৩/২০১২-২০১৩	৫৬০৭৬৯৩৯	৩৯১২৩৪৫	০	৩৯১২৩৪৫	
৩৮	০৫/২০১২-২০১৩	২৬১৮৫৮৮৭২	১৮২৬৯০৮৪	০	১৮২৬৯০৮৪	
৩৯	০৬/২০১২-২০১৩	৫৮৮৭৭৭৬৭৭	৪১০৭৭৫১২	০	৪১০৭৭৫১২	
৪০	০৯/২০১৫-২০১৬	৯৭৩১৩৭৬৮০	৬৭৮৯৩৩২৭	০	৬৭৮৯৩৩২৭	
৪১	১২/২০১৫-২০১৬	৪৯৭৩১৬৮৪৭	৩৪৬৯৬৫২৪	০	৩৪৬৯৬৫২৪	
৪২	২০/২০১৫-২০১৬	৩৭১০১২২৫৭৪৩	২৫৮৮৪৫৭৬১০	০	২৫৮৮৪৫৭৬১০	
৪৩	০১/২০১৬-২০১৭	০	০	০	০	
৪৪	০৭/২০১৮-২০১৯	১০৫৭৪৫৫৮৯৮	৭৩৭৭৫৯৯৩	০	৭৩৭৭৫৯৯৩	
৪৫	০১/২০১৮-১৯	৫২৭১৯৯১৬	১০৩৩৭২৪	০	১০৩৩৭২৪	
৪৬	০২/২০১৮-১৯	৮৯৯৮০৪৯৮৩৩	৬২৭৭৭০৯১৯	০	৬২৭৭৭০৯১৯	শাখা-২
৪৭	০৪/২০১৮-১৯	৫৩৫৫৫৩০৭৫	৩৭৩৬৪১৬৮	০	৩৭৩৬৪১৬৮	
৪৮	০৫/২০১৮-১৯	৩২৯৫০৭৬৫	২২৯৮৮৯১	০	২২৯৮৮৯১	
৪৯	২৩/২০১৭-১৮	১২৫৭০৪১৪৫৯৬	৮৭৭০০৫৬৬৯	০	৮৭৭০০৫৬৬৯	
৫০	০৩/২০১৯-২০	৭৮৬৪০৮৫৬	৫৪৮৬৫৭২	০	৫৪৮৬৫৭২	
৫১	১১/২০১৭-১৮	৪৩২১২৬৬৪৪৫	৮৪৭৩০৭১৫	০	৮৪৭৩০৭১৫	
৫২	২১/২০১৭-১৮	১৩৫৫৮৬৬৮০	২৬৫৮৫৬৪	০	২৬৫৮৫৬৪	শাখা-৩
৫৩	১১/২০১৬-১৭	২৫৫৩৪২১	৫০০৬৭	০	৫০০৬৭	
৫৪	০৫/২০১৬-১৭	৬৮২৭৬৩	১৩৩৮৮	০	১৩৩৮৮	

ক্র:নং	এল.এ.কেস নং	প্রত্যাশী সংস্থা হতে প্রাপ্ত টাকার পরিমাণ	আনুষঙ্গিক খাতে প্রাপ্ত	আনুষঙ্গিক খাতে ব্যয়	আনুষঙ্গিক খাতে অবশিষ্ট	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭
৫৫	১৪/২০১৫-১৬	৮১২১৯৪৪	১৫৯২৫৪	০	১৫৯২৫৪	
৫৬	০৪/২০১৫-১৬	১০৯৫২৮৭৬২২৫	২১৪৭৬২২৭৯	০	২১৪৭৬২২৭৯	
৫৭	০৫/২০১৫-১৬	১১৭১৫৯১৬৬৬	২২৯৭২৩৮৬	০	২২৯৭২৩৮৬	
৫৮	০৪/২০১২-১৩	২২৬৮৪০২৯	৪৪৪৭৮৫	০	৪৪৪৭৮৫	
৫৯	১৩/২০১৬-১৭	৫৪৮৯১৫৭৭৩	১০৭৬৩০৫৪	০	১০৭৬৩০৫৪	শাখা-৪
৬০	০৬/২০১৫-১৬	৪৯০৮৬২২০৭	৯৬২৪৭৪৯	০	৯৬২৪৭৪৯	
৬১	১৬/২০১৫-১৬	৬৪১১৮৭৪৬৫	১২৫৭২৩০৩	০	১২৫৭২৩০৩	
৬২	০৭/২০১৫-১৬	৪৩৬৭৩০৭৮৬	৮৫৬৩৩৪৯	০	৮৫৬৩৩৪৯	
৬৩	১০/২০১৬-১৭	২৭৬৬৯৯১৯	৫৪২৫৪৭	০	৫৪২৫৪৭	
৬৪	০২/২০১৭-১৮	৯৫৮৮১১৫৪০	১২৫০৬২৩৭৫	০	১২৫০৬২৩৭৫	
৬৫	০৯/২০১৬-১৭	৮২০৯৫৮৮০৮	১৬০৯৭২৩২	০	১৬০৯৭২৩২	
৬৬	১৪/২০১৭-১৮	৮৯০৮৪৬৩৬৯	১৭৪৬৭৫৭৬	০	১৭৪৬৭৫৭৬	
৬৭	১৫/২০১৭-১৮	৮৮০২৬২৪৪৪	১৭২৬০০২৮	০	১৭২৬০০২৮	
৬৮	১৭/২০১৭-১৮	৩৮৭৯৩৪১৯২	৪৭০৭৪৫৬	০	৪৭০৭৪৫৬	
৬৯	১৮/২০১৭-১৮	৯৯০৮৯০৭৯	১৯৪২৯২৩	০	১৯৪২৯২৩	
৭০	১৯/২০১৭-১৮	৩০১০০৫৭৯৫	৩৬৫২৬০৮	০	৩৬৫২৬০৮	
৭১	১২/২০১৭-১৮	৩৩৫৭২০০০	২৩৪২২৩৩	০	২৩৪২২৩৩	
৭২	১২/২০১৬-১৭	১৯৭০০৪৩৯৩	১৪৭৮৩৯	০	১৪৭৮৩৯	
৭৩	২২/২০১৫-১৬	১৫১১৯৪৩৬০৮	২৯৬৪৫৯৫৩	০	২৯৬৪৫৯৫৩	
৭৪	২১/২০১৫-১৬	১৮৮২৯৩৫৩৯৪	৩৬৯২০৩০২	০	৩৬৯২০৩০২	
৭৫	১৯/২০১৫-১৬	৩২১৩৩২৫০৪	২২৪১৮৫৪৭	০	২২৪১৮৫৪৭	শাখা-৫
৭৬	০৩/২০১৪-১৬	৯৮৩০২২১১৩	৬৮৫৮২৯৩৮	০	৬৮৫৮২৯৩৮	
৭৭	০৫/২০১৪-১৫	২৭২৮৩৩১০৯	১৯০৩৪৮৬৮	০	১৯০৩৪৮৬৮	
৭৮	০৬/২০১৪-১৫	৪৭৮৯৭৭৮৬৪	৩৩৪১৭০৬০	০	৩৩৪১৭০৬০	
৭৯	০৫/২০০৬-০৭	৭৬০৯০৭৩৮৭	৫১৪২৬৪০৮	০	৫১৪২৬৪০৮	
মোট		১১৩৩৩১১৫৭৩৪	৬৩৪৩৪৯৪০৩৫	০	৬৩৪৩৪৯৪০৩৫	

- ❖ ক্রমিক নং-১৫, ১৮, ১৯, ২৩, ২৪ ও ৩০ এর কেস নথিতে উল্লেখ না থাকায় আনুষঙ্গিক খাতে প্রাপ্ত টাকার হিসাব পাওয়া যায়নি।
- ❖ ক্রমিক নং-৩৫ এর মূল নথি দুদক জন্ম করায় আনুষঙ্গিক খাতে প্রাপ্ত টাকার হিসাব পাওয়া যায়নি।

অনুচ্ছেদ নং-০৩

পরিশিষ্ট নং-৩(২)

নিরীক্ষিত প্রতিষ্ঠানের নাম: জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন জেলা প্রশাসক, চট্টগ্রাম।

শিরোনাম: ভূমি অধিগ্রহণে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণের অর্থের সাথে আনুষঙ্গিক খরচ বাবদ ১৮১,৪৩,৫২,৪৫১ টাকা অনিয়মিত ভাবে এল.এ ফান্ডে জমা রাখা।

ক্রমিক নং	অর্থ বছর	আনুষঙ্গিক খাতে জমাকৃত অর্থের পরিমাণ	মন্তব্য
১	২	৩	৪
১	২০০৭-২০০৮	২৪৮৮৪৫২৫	
২	২০০৯-২০১০	৫৯২৪২২৬০	
৩	২০১০-২০১১	১৭৯৫৯৮১৭৬	
৪	২০১১-২০১২	৪১২২৯০৫৩	
৫	২০১২-২০১৩	৩৫৭৯৮০১২	
৬	২০১৩-২০১৪	২৫৫১৯৪১৯৩	
৭	২০১৪-২০১৫	১১০৫৫০৯৭১	
৮	২০১৫-২০১৬	২২৫৬৫৯০০৭	
৯	২০১৬-২০১৭	২৯৩১৩৫৪৫৪	
১০	২০১৭-২০১৮	৫২৭৮৫০৮৭৮	
১১	২০১৮-২০১৯	৫৯৭৯১৯২৭	
১২	২০১৯-২০২০	১৪১৭৯৯৩	
মোট=		১৮১,৪৩,৫২,৪৪৯	

অনুচ্ছেদ নং-০৩

পরিশিষ্ট নং-৩(৩)

নিরীক্ষিত প্রতিষ্ঠানের নাম: জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।

শিরোনাম: ভূমি অধিগ্রহণে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণের অর্থের সাথে আনুষঙ্গিক খরচ বাবদ ১৯,০১,৩৫,৭৬৬ টাকা অনিয়মিত ভাবে এল.এ ফান্ডে জমা রাখা।

ক্রমিক নং	যে প্রতিষ্ঠানের পক্ষ হতে টাকা পরিশোধ	কি বাবদ পরিশোধ	মোট পরিশোধিত টাকা	আনুষঙ্গিক খরচ ২%	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
১	প্রকল্প পরিচালক বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) প্রধানমন্ত্রীর কার্যালয়, বিডিবিএল ভবন, লেভেল-১৫ ১২ কারওয়ান বাজার, ঢাকা।	এল এ কেস নং-০১/২০১৭-১৮ এর আওতায় ক্ষতিপূরণ	৪৭৫৩৩৯৪১৩৩	৯৫০৬৭৮৮৩	
২	প্রকল্প পরিচালক বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) প্রধানমন্ত্রীর কার্যালয়, বিডিবিএল ভবন, লেভেল-১৫ ১২ কারওয়ান বাজার, ঢাকা।	এল এ কেস নং-০১/২০১৭-১৮ এর আওতায় ক্ষতিপূরণ	৪৭৫৩৩৯৪১৩৩	৯৫০৬৭৮৮৩	
মোট=			৯৫০,৬৭,৮৮,২৬৬	১৯,০১,৩৫,৭৬৬	

নিরীক্ষিত প্রতিষ্ঠানের নাম: জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন জেলা প্রশাসক, ঢাকা।

শিরোনাম: উৎসে আয়করের টাকা নির্ধারিত সময়ে সরকারি কোষাগারে জমা না করায় কর্তনকৃত উৎসে আয়কর ও দন্ডসুদসহ ৭,০৫,৯৯,৯৬৭ টাকা সরকারের রাজস্ব ক্ষতি।

ক্রমিক নং	পরিশিষ্ট নং-	বিবরণ	টাকার পরিমাণ	মন্তব্য
১	২	৩	৪	৫
১	পরিশিষ্ট নং-০৪(১)	উৎসে আয়করের টাকা নির্ধারিত সময়ে সরকারি কোষাগারে জমা না করায় কর্তনকৃত উৎসে আয়কর ও দন্ডসুদসহ সরকারের রাজস্ব ক্ষতি।	৬৮৩৬৫০৮৫	জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
২	পরিশিষ্ট নং-০৪(২)	উৎসে আয়করের টাকা নির্ধারিত সময়ে সরকারি কোষাগারে জমা না করায় কর্তনকৃত উৎসে আয়কর ও দন্ডসুদসহ সরকারের রাজস্ব ক্ষতি।	২২৩৪৮৮২	জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
মোট=			৭,০৫,৯৯,৯৬৭	

নিরীক্ষিত প্রতিষ্ঠানের নাম: জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন জেলা প্রশাসক, ঢাকা।

শিরোনাম: উৎসে আয়করের টাকা নির্ধারিত সময়ে সরকারি কোষাগারে জমা না করায় কর্তনকৃত উৎসে আয়কর ও ২% হারে মাসিক দন্ডসুদসহ ৬,৮৩,৬৫,০৮৫ টাকা আদায়ের বিবরণী:

ক্র: নং	এল.এ কেস নং	এল. এ চেক নং	উৎস কর কর্তনের তারিখ	৩০/০৯/২০২০ খ্রি: পর্যন্ত বিলম্ব সময় (১৪ দিন বাদে)		কর্তনকৃত কর	২% হারে মাসিক দন্ডসুদ	মোট দন্ড সুদ	দন্ডসুদসহ কর্তনযোগ্য কর
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯=(৮×৬)	১০
১	২০/২০১৫-১৬	৬৭৭২৯	১৩/০১/২০	২৪৩ দিন	৮.১০ মাস	৭৫৩৩৪১.১	১৫০৬৬.৮০	১২২০৪১.২৬	৮৭৫৩৮২
২	২০/২০১৫-১৬	৬৭৭২১	১৫/০১/২০	২৪১ দিন	৮.০৩ মাস	৪৮৬৭৪৮.৪৫	৯৭৩৪.৯৭	৭৮১৭১.৮০	৫৬৪৯২০
৩	২০/২০১৫-১৬	৬৭৭২২	১৫/০১/২০	২৪১ দিন	৮.০৩ মাস	৫০৪০০৪.৮	১০০৮০.১০	৮০৯৪৩.১৭	৫৮৪৯৪৮
৪	২০/২০১৫-১৬	৬৭৭২৩	১৫/০১/২০	২৪১ দিন	৮.০৩ মাস	২১৯৫৭২.৩৪	৪৩৯১.৪৫	৩৫২৬৩.৩২	২৫৪৮৩৫
৫	২০/২০১৫-১৬	৬৭৭২৪	১৫/০১/২০	২৪১ দিন	৮.০৩ মাস	৫৪০৩০২.৬৮	১০৮০৬.০৫	৮৬৭৭২.৬১	৬২৭০৭৫
৬	২০/২০১৫-১৬	৬৭৭২৫	১৫/০১/২০	২৪১ দিন	৮.০৩ মাস	৬০২১৮৭.৫৬	১২০৪৩.৭৫	৯৬৭১১.৩২	৬৯৮৮৯৯
৭	২০/২০১৫-১৬	৬৭৭২৬	১৫/০১/২০	২৪১ দিন	৮.০৩ মাস	৪০৪৬৩১.৯৬	৮০৯২.৬৪	৬৪৯৮৩.৮৯	৪৬৯৬১৬
৮	২০/২০১৫-১৬	৬৭৭২৭	১৫/০১/২০	২৪১ দিন	৮.০৩ মাস	৩৭১৩০৯.৩৩	৭৪২৬.১৯	৫৯৬৩২.২৮	৪৩০৯৪১
৯	২০/২০১৫-১৬	৬৭৭২৮	১৫/০১/২০	২৪১ দিন	৮.০৩ মাস	৯৯৯৬৭.৮৯	১৯৯৯.৩৬	১৬০৫৪.৮৪	১১৬০২৩
১০	২০/২০১৫-১৬	৬৭৭৩০	২০/০১/২০	২৩৬ দিন	৭.৮৭ মাস	৬৫৩০৩৯.৩৫	১৩০৬০.৭৯	১০২৭৮৮.৩৯	৭৫৫৮২৮
১১	২০/২০১৫-১৬	৬৭৭৩১	২০/০১/২০	২৩৬ দিন	৭.৮৭ মাস	২৩৯০৫৯.০৫	৪৭৮১.১৮	৩৭৬২৭.৮৯	২৭৬৬৮৭
১২	২০/২০১৫-১৬	৬৭৭৩২	২০/০১/২০	২৩৬ দিন	৭.৮৭ মাস	৫৮৩০৭.০৮	১১৬৬.১৪	৯১৭৭.৫৪	৬৭৪৮৪
১৩	২০/২০১৫-১৬	৬৭৭৩৩	২০/০১/২০	২৩৬ দিন	৭.৮৭ মাস	১৭০২৫৬.৬৮	৩৪০৫.১৩	২৬৭৯৮.৪০	১৯৭০৫৫
১৪	২০/২০১৫-১৬	৬৭৭৩৪	২০/০১/২০	২৩৬ দিন	৭.৮৭ মাস	৪৬৬৪৫৬.৬৮	৯৩২৯.১৩	৭৩৪২০.২৮	৫৩৯৮৭৭
১৫	২০/২০১৫-১৬	৬৭৭৩৫	২০/০১/২০	২৩৬ দিন	৭.৮৭ মাস	৪৫৪৭৯.৫৩	৯০৯.৫৯	৭১৫৮.৪৭	৫২৬৩৮
১৬	২০/২০১৫-১৬	৬৭৭৩৬	২০/০১/২০	২৩৬ দিন	৭.৮৭ মাস	১৭৭১২৩৯.৩	৩৫৪২৪.৭৮	২৭৮৭৯৩.০৬	২০৫০০৩২
১৭	২০/২০১৫-১৬	৬৭৭৩৭	২০/০১/২০	২৩৬ দিন	৭.৮৭ মাস	২৯৮১১১৮	৫৯৬২২.৩৬	৪৬৯২২৭.৯৭	৩৪৫০৩৪৬
১৮	২০/২০১৫-১৬	৬৭৭৩৮	২০/০১/২০	২৩৬ দিন	৭.৮৭ মাস	১২৯৪৪১.৭২	২৫৮৮.৮৩	২০৩৭৪.১৩	১৪৯৮১৬
১৯	২০/২০১৫-১৬	৬৭৭৩৯	২০/০১/২০	২৩৬ দিন	৭.৮৭ মাস	৬১৪৫৫৬.৬৮	১২২৯১.১৩	৯৬৭৩১.২২	৭১১২৮৮
২০	২০/২০১৫-১৬	৬৭৭৪০	২০/০১/২০	২৩৬ দিন	৭.৮৭ মাস	৪৭৬০৩৭.৬	৯৫২০.৭৫	৭৪৯২৮.৩২	৫৫০৯৬৬
২১	২০/২০১৫-১৬	৬৭৭৪১	২০/০১/২০	২৩৬ দিন	৭.৮৭ মাস	৩৬২৯৭৮.৬৭	৭২৫৯.৫৭	৫৭১৩২.৮৪	৪২০১১২
২২	২০/২০১৫-১৬	৬৭৭৪২	২০/০১/২০	২৩৬ দিন	৭.৮৭ মাস	৬৮৯৬৬৭.২৭	১৩৭৯৩.৩৫	১০৮৫৫৩.৬৩	৭৯৮২২১
২৩	২০/২০১৫-১৬	৬৭৭৪৩	২০/০১/২০	২৩৬ দিন	৭.৮৭ মাস	৫১৫০৩.০৪	১০১৩.০৬	৮১০৬.৫৭	৫৯৬১০

ক্র: নং	এল.এ কেস নং	এল. এ চেক নং	উৎস কর কর্তনের তারিখ	৩০/০৯/২০২০ খ্রি: পর্যন্ত বিলম্ব সময় (১৪ দিন বাদে)		কর্তনকৃত কর	২% হারে মাসিক দন্ডসুদ	মোট দন্ড সুদ	দন্ডসুদসহ কর্তনযোগ্য কর
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯=(৮×৬)	১০
২৪	২০/২০১৫-১৬	৬৭৭৪৪	২০/০১/২০	২৩৬ দিন	৭.৮৭ মাস	২৫৭৫১.৫২	৫১৫.০৩	৪০৫৩.২৯	২৯৮০৫
২৫	২০/২০১৫-১৬	৬৭৭৪৫	৩/২/২০২০	২২৩ দিন	৭.৪৩ মাস	৫০২৩৯৭.৬২	১০০৪৭.৯৫	৭৪৬৫৬.২৮	৫৭৭০৫৪
২৬	২০/২০১৫-১৬	৬৭৭৪৮	৮/২/২০২০	২১৮ দিন	৭.২৭ মাস	৯১৪৮১.৪৬	১৮২৯.৬২	১৩৩০১.৪০	১০৪৭৮৩
২৭	২০/২০১৫-১৬	৬৭৭৫০	৫/২/২০২০	২২১ দিন	৭.৩৭ মাস	৪৬৬৪৫৬.৬৮	৯৩২৯.১৩	৬৮৭৫৫.৭২	৫৩৫২১২
২৮	২০/২০১৫-১৬	৬৭৭৫১	৬/২/২০২০	২৩০ দিন	৭.৬৭ মাস	৯২৯৮৪১.৩৩	১৮৫৯৬.৮২	১৪২৬৩৭.৬৬	১০৭২৪৭৯
২৯	২০/২০১৫-১৬	৬৭৭৫২	৬/২/২০২০	২৩০ দিন	৭.৬৭ মাস	৯২৯৮৪১.৩৩	১৮৫৯৬.৮২	১৪২৬৩৭.৬৬	১০৭২৪৭৯
৩০	২০/২০১৫-১৬	৬৭৭৫৩	৬/২/২০২০	২৩০ দিন	৭.৬৭ মাস	৩৩৫৮৪৮.৮	৭১৬.৯৮	৫৪৯৯.২০	৩৪১৩৪৮
৩১	২০/২০১৫-১৬	৬৭৭৪৯	৬/২/২০২০	২৩০ দিন	৭.৬৭ মাস	২২৮৭০.৩৬	৪৫৭.৪০	৩৫০৮.২৫	২৬৩৭৯
৩২	২০/২০১৫-১৬	৬৭৭৫৪	১১/২/২০২০	২১৫ দিন	৭.১৭ মাস	২৯০৫৮৪.৮	৫৮১১.৬৯	৪১৬৬৯.৮১	৩৩২২৫৫
৩৩	২০/২০১৫-১৬	৬৭৭৫৬	১১/২/২০২০	২১৫ দিন	৭.১৭ মাস	৩৮৬২৯.৫৭	৭৭২.৫৯	৫৫৩৯.৪৭	৪৪১৬৯
৩৪	২০/২০১৫-১৬	৬৭৭৫৫	১১/২/২০২০	২১৫ দিন	৭.১৭ মাস	৫৭৮৪০৬.২৮	১১৫৬৮.১২	৮২৯৪৩.৪২	৬৬১৩৫০
৩৫	২০/২০১৫-১৬	৬৭৭৫৭	১১/২/২০২০	২১৫ দিন	৭.১৭ মাস	৭০৪৫৩৫.৬৫	১৪০৯০.৭১	১০১০৩০.৩৯	৮০৫৫৬৬
৩৬	২০/২০১৫-১৬	৬৭৭৫৮	১১/২/২০২০	২১৫ দিন	৭.১৭ মাস	২১৪২১৬.৯২	৪২৮৪.৩৩	৩০৭১৮.৭০	২৪৪৯৩৬
৩৭	২০/২০১৫-১৬	৬৭৭৫৯	১১/২/২০২০	২১৫ দিন	৭.১৭ মাস	৬০৫৭৫৭.৮৫	১২১১৫.১৫	৮৬৮৬৫.৬২	৬৯২৬২৩
৩৮	২০/২০১৫-১৬	৬৭৭৬০	১১/২/২০২০	২১৫ দিন	৭.১৭ মাস	১৩৯৪৮০৫.৫	২৭৮৯৬.১১	২০০০১৫.১০	১৫৯৪৮২১
৩৯	২০/২০১৫-১৬	৬৭৭৬১	১১/২/২০২০	২১৫ দিন	৭.১৭ মাস	১১০৫৫০২.৩	২২১১০.০৪	১৫৮৫২৮.৯৮	১২৬৪০৩১
৪০	২০/২০১৫-১৬	৬৭৭৬২	১১/২/২০২০	২১৫ দিন	৭.১৭ মাস	১০৫৬৫২৪.৪	২১১৩০.৪৮	১৫১৫০৫.৫৪	১২০৮০৩০
৪১	২০/২০১৫-১৬	৬৭৭৬৪	১১/২/২০২০	২১৫ দিন	৭.১৭ মাস	১৫২৭৬৪.৫৬	৩০৫৫.২৯	২১৯০৬.৪২	১৭৪৬৭১
৪২	২০/২০১৫-১৬	৬৭৭৬৩	১৩/১০/২০	২১৩ দিন	৭.১০ মাস	৩৯২৭৩১.০২	৭৮৫৪.৬২	৫৫৭৬৭.৮০	৪৪৮৪৯৯
৪৩	২০/২০১৫-১৬	৬৭৭৭১	১৬/২/২০	২১০ দিন	৭ মাস	১২৪৮৬৮.৮১	২৪৯৭.৩৭	১৭৪৮১.৫৯	১৪২৩৫০
৪৪	২০/২০১৫-১৬	৬৭৭৬৫	১৬/২/২০	২১০ দিন	৭ মাস	২৭৬২.৭১	৫৫.২৫	৩৮৬.৭৫	৩১৪৯
৪৫	২০/২০১৫-১৬	৬৭৭৬৬	১৬/২/২০	২১০ দিন	৭ মাস	৭১৫৬৯.২৪	১৪৩১.৩৮	১০০১৯.৬৬	৮১৫৮৯
৪৬	২০/২০১৫-১৬	৬৭৭৬৭	১৬/২/২০	২১০ দিন	৭ মাস	৪০৮.৬৫	৮.১৭	৫৭.১৯	৪৬৬
৪৭	২০/২০১৫-১৬	৬৭৭৬৮	১৬/২/২০	২১০ দিন	৭ মাস	১৬১৯০.৭২	৩২৩.৮১	২২৬৬.৬৭	১৮৪৫৭
৪৮	২০/২০১৫-১৬	৬৭৭৬৯	১৬/২/২০	২১০ দিন	৭ মাস	৪৯২১১.২৯	৯৮৪.২২	৬৮৮৯.৫৪	৫৬১০১
৪৯	২০/২০১৫-১৬	৬৭৭৭০	১৬/২/২০	২১০ দিন	৭ মাস	১৩০৮৫.২৯	২৬১.৭০	১৮৩১.৯০	১৪৯১৭

ক্র: নং	এল.এ কেস নং	এল. এ চেক নং	উৎস কর কর্তনের তারিখ	৩০/০৯/২০২০ খ্রি: পর্যন্ত বিলম্ব সময় (১৪ দিন বাদে)		কর্তনকৃত কর	২% হারে মাসিক দন্ডসুদ	মোট দন্ড সুদ	দন্ডসুদসহ কর্তনযোগ্য কর
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯=(৮×৬)	১০
৫০	২০/২০১৫-১৬	৬৭৭৭৩	১৬/২/২০	২১০ দিন	৭ মাস	৩০৫৮.৮	৬১.১৭	৪২৮.১৯	৩৪৮৭
৫১	২০/২০১৫-১৬	৬৭৭৭৪	১৬/২/২০	২১০ দিন	৭ মাস	২৩৩৮.৫৫	৪৬.৭৭	৩২৭.৩৯	২৬৬৬
৫২	২০/২০১৫-১৬	৬৭৭৭৮	১৭/০২/২০	২০৯ দিন	৬.৯৭ মাস	৩২৬৫১৯৬.৮	৬৫৩০৩.৯৩	৪৫৫১৬৮.৩৯	৩৭২০৩৬৫
৫৩	২০/২০১৫-১৬	৬৭৭৭৯	১৭/০২/২০	২০৯ দিন	৬.৯৭ মাস	৯৮১৮২৭.৫৫	১৯৬৩৬.৫৫	১৩৬৮৬৬.৭৫	১১১৮৬৯৪
৫৪	২০/২০১৫-১৬	৬৭৭৮০	১৭/০২/২০	২০৯ দিন	৬.৯৭ মাস	১১০৫০০.২৩	২২১০.০০	১৫৪০৩.৭০	১২৫৯০৪
৫৫	২০/২০১৫-১৬	৬৭৭৮১	১৭/০২/২০	২০৯ দিন	৬.৯৭ মাস	৭০৮১০.৫৯	১৪১৬.২১	৯৮৭০.৯৮	৮০৬৮২
৫৬	২০/২০১৫-১৬	৬৭৭৮৩	১৮/২/২০	২০৮ দিন	৬.৯৩ মাস	৪৮৯৯৭.৯৫	৯৭৯.৯৫	৬৭৯১.০৫	৫৫৭৮৯
৫৭	২০/২০১৫-১৬	৬৭৭৮৮	২৬/২/২০	২০০ দিন	৬.৬৭ মাস	৩৫০১৫৫.৯২	৭০০৩.১১	৪৮৮১১.৬৭	৩৯৮৯৬৮
৫৮	২০/২০১৫-১৬	৬৭৭৯০	২৬/২/২০	২০০ দিন	৬.৬৭ মাস	১১৮২০০৯.৮	২৩৬৪০.১৯	১৬৪৭৭২.১২	১৩৪৬৭৮২
৫৯	২০/২০১৫-১৬	৬৭৭৯২	২/৩/২০২০	১৯৪ দিন	৬.৪৭ মাস	১৩৬৩৬০৯৭	২৭২৭২১.৯৪	১৭৬৪৫১০.৯৫	১৫৪০০৬০৮
৬০	২০/২০১৫-১৬	৬৭৭৯৩	২/৩/২০২০	১৯৪ দিন	৬.৪৭ মাস	১২৩৭১০২৭	২৪৭৪২০.৫৪	১৬০০৮১০.৮৯	১৩৯৭১৮৩৮
৬১	২০/২০১৫-১৬	৬৭৭৮৪	৩/৩/২০২০	১৯৩ দিন	৬.৪৩ মাস	৪৭১৮৬.২২	৯৪৩.৭২	৬০৬৮.১১	৫৩২৫৪
৬২	২০/২০১৫-১৬	৬৭৭৮০৯	৯/৩/২০২০	১৮৭ দিন	৬.২৩ মাস	১৫৯৭৬১.৪১	৩১৯৫.২২	১৯৯০৬.২২	১৭৯৬৬৮
৬৩	২০/২০১৫-১৬	৬৭৭৮০৭	৯/৩/২০২০	১৮৭ দিন	৬.২৩ মাস	১৭৬০৮৭.৩৯	৩৫২১.৭৪	২১৯৪০.৪৪	১৯৮০২৮
৬৪	২০/২০১৫-১৬	৬৭৭৮০৮	৯/৩/২০২০	১৮৭ দিন	৬.২৩ মাস	৩১৪১৪৬০	৬২৮২৯.২০	৩৯১৪২৫.৯১	৩৫৩২৮৮৬
৬৫	২০/২০১৫-১৬	৬৭৭৮১০	৯/৩/২০২০	১৮৭ দিন	৬.২৩ মাস	৮৯৪৭৫৩.৫৪	১৭৮৯৫.০৭	১১১৪৮৬.২৮	১০০৬২৪০
৬৬	২০/২০১৫-১৬	৬৭৭৮১১	৯/৩/২০২০	১৮৭ দিন	৬.২৩ মাস	৪০৭৬০৯.৯৪	৮১৫২.১৯	৫০৭৮৮.১৪	৪৫৮৩৯৮
৬৭	২০/২০১৫-১৬	৬৭৭৮১২	১০/৩/২০২০	১৮৬ দিন	৬.২০ মাস	১১৬২০.৮৯	৩২৩.৪১	১৪৪০.৯৯	১৩০৬২
৬৮	২০/২০১৫-১৬	৬৭৭৮১৩	১০/৩/২০২০	১৮৬ দিন	৬.২০ মাস	৩৯৮২৬৩.৫১	৭৯৬৫.২৭	৪৯৩৮৪.৬৭	৪৪৭৬৪৮
মোট=						৬,০০,৬৭,০১৫		৮২,৯৮,০৭০	৬,৮৩,৬৫,০৮৫

নিরীক্ষিত প্রতিষ্ঠানের নাম: জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন জেলা প্রশাসক, ঢাকা।

শিরোনাম: উৎসে আয়করের টাকা নির্ধারিত সময়ে সরকারি কোষাগারে জমা না করায় কর্তনকৃত উৎসে আয়কর ও ২% হারে মাসিক দন্ডসুদসহ ২২,৩৪,৮৮২ টাকা আদায়ের বিবরণী:

ক্র: নং	এল.এ কেস নং	এল. এ চেক নং	উৎস কর কর্তনের তারিখ	৩০/০৯/২০২০ খ্রি. পর্যন্ত বিলম্ব সময় (১৪ দিন বাদে)		কর্তনকৃত কর	২% হারে মাসিক দন্ডসুদ	মোট দন্ড সুদ	দন্ডসুদসহ কর্তনযোগ্য কর
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯=(৮×৬)	১০
১	০৭/২০১৮-১৯	৬৭৮৮৫	০৭/০৯/২০২০	৯ দিন	০.৩ মাস	২৩৯০৮২	৪৭৮২	১৪৩৫	২৪০৫১৭
২	০৭/২০১৮-১৯	৬৭৮৮৫	০৭/০৯/২০২০	৯ দিন	০.৩ মাস	২৫০৪৭	৫০১	১৫০	২৫১৯৭
৩	০৭/২০১৮-১৯	৬৭৮৮৫	০৭/০৯/২০২০	৯ দিন	০.৩ মাস	৬০১৩০৮	১২০২৬	৩৬০৮	৬০৪৯১৬
৪	০৭/২০১৮-১৯	৬৭৮৮৩	১৬/০৭/২০২০	৬০ দিন	২ মাস	৫৪২৭২৪	১০৮৫৫	২১৭১০	৫৬৪৪৩৪
৫	০৭/২০১৮-১৯	৬৭৮৫৫	২৬/০৭/২০২০	৫০ দিন	১.৬৭ মাস	১০৭৬৬২	২১৫৩	৩৫৯৬	১১১২৫৮
৬	০৭/২০১৮-১৯	৬৭৮৭৪	১৩/০৮/২০২০	৩৩ দিন	১.১০ মাস	৪২৫৭৯	৮৫২	৯৩৭	৪৩৫১৬
৭	০৭/২০১৮-১৯	৬৭৮৭৪	১৩/০৮/২০২০	৩৩ দিন	১.১০ মাস	৫৭৩৮১	১১৪৮	১২৬৩	৫৮৬৪৪
৮	০৭/২০১৮-১৯	৬৭৮৮৮	০৩/০৯/২০২০	১৩ দিন	০.৪৩ মাস	৮১১২৮	১৬২৩	৬৯৮	৮১৮২৬
৯	০৭/২০১৮-১৯	৬৭৮৮৭	০৩/০৯/২০২০	১৩ দিন	০.৪৩ মাস	১১১২৭৪	২২২৫	৯৫৭	১১২২৩১
১০	০৭/২০১৮-১৯	৬৭৮৫০	২১/০৭/২০২০	৫৫ দিন	১.৮৩ মাস	৬২৪৫৯	১২৪৯	২২৮৬	৬৪৭৪৫
১১	০৭/২০১৮-১৯	৬৭৮৪৯	২১/০৭/২০২০	৫৫ দিন	১.৮৩ মাস	৬৭৬৬৪	১৩৫৩	২৪৭৬	৭০১৪০
১২	০৭/২০১৮-১৯	৬৭৮৪৮	২১/০৭/২০২০	৫৫ দিন	১.৮৩ মাস	৭৮০৭৩	১৫৬১	২৮৫৭	৮০৯৩০
১৩	০৭/২০১৮-১৯	৬৭৮৫৬	২৬/০৭/২০২০	৫০ দিন	১.৬৭ মাস	১৭০৮২৩	৩৪১৬	৫৭০৫	১৭৬৫২৮
মোট						২১,৮৭,২০৪		৪৭,৬৭৮	২২,৩৪,৮৮২

নিরীক্ষিত প্রতিষ্ঠানের নাম: জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন জেলা প্রশাসক ঢাকা।

শিরোনাম: ভূমি অধিগ্রহণে ক্ষতিগ্রস্তদের অবকাঠামোগত ক্ষতিপূরণ থেকে নিলাম বাবদ কর্তনকৃত টাকা সরকারি কোষাগারে জমা না করায় ৪০,৫০,৩৮০ টাকা সরকারের আর্থিক ক্ষতি।

ক্র: নং	এল.এ. কেস নং	এওয়ার্ড ক্রমিক নং	দাগ নং	বিবরণ	টাকার পরিমাণ	নিলামের জন্য কর্তনকৃত টাকা (১০%)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	
১	০৭/২০১৮-১৯	২	৬১১১	অবকাঠামো	৪৪২৭৪৪০	৪৪২৭৪৪	
২	০৭/২০১৮-১৯	৮	৬১৩৪	অবকাঠামো	৪৬৩৮৩৯	৪৬৩৮৪	
৩	০৭/২০১৮-১৯	৯	৬১৩৪	অবকাঠামো	১১১৩৫৩৩১	১১১৩৫৩৩	
৪	০৭/২০১৮-১৯	১০	৬৪৩১	অবকাঠামো	১০০৫০৪৫২	১০০৫০৪৫	
৫	০৭/২০১৮-১৯	১১	৬৪৩১	অবকাঠামো	১৯৯৩৭৩৯	১৯৯৩৭৪	
৬	০৭/২০১৮-১৯	১২	৬৪৩১	অবকাঠামো	৭৮৮৪৯১	৭৮৮৪৯	
৭	০৭/২০১৮-১৯	১৩	৬৪৩১	অবকাঠামো	১০৬২৬০৬	১০৬২৬১	
৮	০৭/২০১৮-১৯	১৪	৬৪৩১	অবকাঠামো	১৫০২৩৭৯	১৫০২৩৮	
৯	০৭/২০১৮-১৯	১৫	৬৪৩১	অবকাঠামো	২০৬০৬৩৩	২০৬০৬৪	
১০	০৭/২০১৮-১৯	১৬	৬৪৩১	অবকাঠামো	৩৮৫৫৪৯২	৩৮৫৫৪৯	
১১	০৭/২০১৮-১৯	১৮	৬৪৩১	অবকাঠামো	৩১৬৩৩৮৯	৩১৬৩৩৯	
মোট=					৪,০৫,০৩,৭৯১	৪০,৫০,৩৮০	



(সৈয়দ মুস্তাফা মাহবুব আলী)

মহাপরিচালক

সাংবিধানিক প্রতিষ্ঠান অডিট অধিদপ্তর।

তারিখ: ১৪/০৬/২৪২০ বঙ্গাব্দ
২১/০৬/২০২২ খ্রিষ্টাব্দ।